গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ-৩ শাখা
https://moefcc.gov.bd/

**স্মারক নম্বর:** ২২.০০.০০০০.০০০.০৭৪.২২.০০০১.২৫.৫০১

তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ বিধিমালা, ২০২৫'এর খসড়ার ওপর মতামত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে 'চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ বিধিমালা, ২০২৫' এর প্রস্তুতকৃত খসড়ার ওপর ১৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে env3@moefcc.gov.bd ই-মেইলে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা, জনসাধারণ ও অংশীজনদের লিখিত মতামত গ্রহণের নিমিত্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (Medical Waste Management Rules 2025_20.07.2025.pdf ও তুলনামূলক বিবরণী_08.09.25.pdf)।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) তুলনামূলক বিবরণী_08.09.25
(২) Medical Waste Management Rules 2025_20.07.2025

২২-১২-২০২৫
সাবরীনা রহমান
সিনিয়র সহকারী সচিব
+৮৮০২৯৫৪০২১০ (ফ্যাক্স)
env3@moef.gov.bd

সিস্টেম এনালিস্ট
আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ২২.০০.০০০০.০০০.০৭৪.২২.০০০১.২৫.৫০১/১(২)

তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অতিরিক্ত সচিব, পরিবেশ অনুবিভাগ , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

## চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ বিধিমালা, ২০২৫ (খসড়া)

নূতন ও যুগোপযোগী বিধিমালা প্রণয়ন করা সমীচীন ও আবশ্যকীয় বিবেচিত হওয়ায় চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ রহিত করিয়া উহার স্থলে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন)- এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ বিধিমালা, ২০২৫ (খসড়া) প্রণয়ন করিল, যথা:

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ ।-**

(১) এই বিধিমালা চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে ।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে ।

(৩) এই বিধিমালা চিকিৎসা বর্জ্য উৎপাদন, ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণের সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান, সংস্থা এবং তাদের মালিক/স্বত্বাধিকারী/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির (সরকারি প্রতিষ্ঠান) ক্ষেত্রে প্রযোজ্য হইবে। তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে না, যথা-

(ক) বাংলাদেশ পরমানু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন) দ্বারা নিয়ন্ত্রিত তেজস্ক্রীয় বর্জ্য;

(খ) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ দ্বারা নিয়ন্ত্রিত সাধারণ কঠিন বর্জ্য;

**২। সংজ্ঞা । -** (১) বিষয় প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) “আইন” অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন)।

(খ) “কালার কোড” অর্থ চিকিৎসা-বর্জ্যের সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণের লক্ষ্যে বর্জ্যের ধরণ ও শ্রেণী অনুযায়ী পৃথকীকৃত বর্জ্য সংগ্রহ, সংরক্ষণ ও অপসারণের উদ্দেশ্যে তফসিল-১ অনুযায়ী ব্যবহৃতব্য পাত্রের বর্ণ বিন্যাস;

(গ) “চিকিৎসা বর্জ্য” অর্থ তফসিল-১ এ বর্ণিত মানব ও প্রাণীকুলের চিকিৎসা, প্রতিষেধক ব্যবস্থা, রোগ নির্নয় বা রোগ সংক্রান্ত গবেষণার ফলশ্রুতিতে চিকিৎসা সেবা প্রতিষ্ঠান বা সংস্থায় সৃষ্ট সংক্রামক বা অসংক্রামক কঠিন, তরল, বায়বীয় কিংবা ধারালো, ফার্মাসিউটিক্যাল, রাসায়নিক এবং তেজস্ক্রিয় বর্জ্য যা জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য ঝুঁকি তৈরী করে বা পরিবেশগত ও স্বাস্থ্যগত ক্ষতিসাধনে সক্ষম;

(ঘ) "চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ” অর্থ চিকিৎসা বর্জ্যের উৎপাদন, চিকিৎসা বর্জ্যের হ্রাসকরণ, পৃথকীকরণ, সংগ্রহ, প্যাকেটজাতকরণ, পুনঃব্যবহার, পরিবহন, মজুতকরণ, পরিশোধন, ধ্বংসকরণ, প্রক্রিয়াজাতকরণ, তথ্য ও নথি সংরক্ষণ, পরিবীক্ষণ, পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান এবং পরিত্যজন (Disposal) প্রক্রিয়াগুলির সমন্বিত বা আংশিক কার্যক্রম/ব্যবস্থাপনাকে বোঝানো হইবে;

(ঙ) "চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা" অর্থাৎ মানব ও প্রাণিকূলের রোগ নির্ণয়, চিকিৎসা প্রদান ও নিরাময় সেবা প্রদানকারী এবং এ সম্পর্কিত পরীক্ষা ও গবেষণা পরিচালনাকারী সকল স্থান যেমন - হাসপাতাল, ক্লিনিক, নার্সিং হোম, স্বাস্থ্য কমপ্লেক্স/কেন্দ্র, ডাক্তারের চেম্বার, দাতব্য চিকিৎসালয়, ট্যাটু (TATTOO) শিল্পের প্রতিষ্ঠান বা সংস্থা, প্রাণী চিকিৎসা কেন্দ্র, পরীক্ষার জন্য রাখা প্রাণী কেন্দ্র, প্যাথলজিক্যাল সেন্টার, শবাগার ও ময়না তদন্ত কেন্দ্র, ব্লাড ব্যাংক এবং এরূপ প্রতিষ্ঠানগুলি অন্তর্ভুক্ত হইবে;

(চ) “চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী ও পরিশোধনকারী” অর্থ এমন কোনো প্রতিষ্ঠান বা সংস্থা যা তফসিল-১ এ বর্ণিত চিকিৎসা বর্জ্যের মধ্যে এক বা একাধিক শ্রেণীর চিকিৎসা বর্জ্য সংগ্রহ, সংরক্ষণ, পরিবহন, পুনঃচক্রায়ন, পরিশোধন, ধ্বংসকরণ, চূড়ান্ত পরিত্যজন (Final Disposal), তথ্য ও নথি সংরক্ষণ, পরিবীক্ষণ, পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান বা অন্য কোনো পরিবেশসম্মত প্রক্রিয়াজাতকরণের জন্য বিধি অনুযায়ী অনুমোদিত বা নিয়োজিত;

(ছ) “ছাড়পত্র” অর্থাৎ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর অধীনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণের জন্য নিয়োজিত প্রতিষ্ঠান-কে প্রদত্ত ছাড়পত্র;

(জ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;

(ঝ) “দূর্ঘটনা” অর্থ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার কোনো পর্যায়ে সংঘটিত এমন কোনো দূর্ঘটনা যা পরিবেশ ও জনস্বাস্থ্যের উপর ব্যাপকমাত্রায় ঝুঁকি তৈরি করে বা যাহার ফলে ব্যাপকমাত্রায় ঝুঁকির সম্ভাবনা থাকে;

(ঞ) “ফরম” অর্থ এই বিধিমালার ফরম;

(ট) "বায়ো-হ্যাজার্ডাস বর্জ্য" (biohazardous waste) অর্থ সেই সব চিকিৎসা বর্জ্য (যেমন- সিরাম, প্লাজমা, মানুষ বা প্রাণীর অঙ্গপ্রত্যঙ্গ, টিস্যু, দেহাবশেষ, ভ্রূণ, প্লাসেন্টা, ল্যাবরেটরিতে উৎপন্ন কালচার, স্টক, লাইভ বা অ্যাটেনুয়েটেড ভ্যাকসিন ইত্যাদি) যা মানবদেহ বা পরিবেশের জন্য সংক্রামক বা বিপজ্জনক হুমকি সৃষ্টি করার সম্ভাবনা রয়েছে;

(ঠ) “বায়োডিগ্রেডেবল বর্জ্য/সাধারণ চিকিৎসা বর্জ্য” অর্থ সেইসব চিকিৎসা বর্জ্য (যেমন-খাবারের উচ্ছিষ্ট, কাগজপত্র, সাধারণ প্যাকেজিং উপাদান, যেসব কাপড় বা ড্রেসিংয়ে রক্ত বা শরীরের তরল লাগেনি (অসংক্রামিত) বা পচনশীল প্লাস্টিক প্রভৃতি) যা অণুজীব (যেমন ব্যাকটেরিয়া এবং ছত্রাক) এবং অন্যান্য জীবের দ্বারা প্রাকৃতিকভাবে ভেঙে কার্বন ডাই-অক্সাইড, জল বা সারের মতো জৈব যৌগে পরিণত করার সম্ভাবনা রয়েছে; এবং

ড) “বর্জ্য ব্যবস্থাপক/ব্যবস্থাপনাকারী” (Waste Manager) বলিতে সরাসরিভাবে চিকিৎসা বর্জ্য উৎপাদন, পৃথকীকরণ, সংগ্রহ, মজুতকরণ, প্যাকেটজাতকরণ, পরিবহন, অপসারণ, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, পরিশোধন, পরিত্যজন (Disposal), ধ্বংসকরণের সাথে সম্পৃক্ত সকল ব্যক্তিকে বুঝাইবে।

(২) এই বিধিমালায় ব্যবহৃত হইয়াছে অথচ সংজ্ঞায়িত হয় নাই এমন কোনো শব্দ বা অভিব্যক্তি আইনে সংজ্ঞায়িত শব্দ বা অভিব্যক্তির সমার্থক মর্মে প্রযোজ্য হইবে।

**৩। জাতীয় চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি গঠন।-**

**(১)** এই বিধিমালার অধীন চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করিবার জন্য সরকার নিম্নবর্ণিত কমিটি গঠন করিল, যথা:-

| | |
|---|---|
| (ক) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সভাপতি |
| (খ) যুগ্ম সচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য-সচিব |
| (গ) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| (ঘ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| (ঙ) যুগ্মসচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (হাসপাতাল ও নার্সিং) | সদস্য |
| (চ) ভুমি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম – সচিবের নিচে নহে) | সদস্য |
| (ছ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিচে নহে | সদস্য |
| (জ) প্রতিরক্ষা প্রতিনিধি (যুগ্ম সচিবের নিচে নহে) | সদস্য |
| (ঝ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| (ঞ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| (ট) বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের একজন প্রতিনিধি | সদস্য |
| (ঠ) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (ড) প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নহে) | সদস্য |
| (ঢ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নহে) | সদস্য |
| (ণ) সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| (ত) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| (থ) বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টার মালিক সমিতির সভাপতি | সদস্য |

| | |
|---|---|
| (দ) বর্জ্য প্রক্রিয়াজাত ও পরিশোধনকারী সংস্থার প্রধান | সদস্য |
| (ধ) সভাপতি কর্তৃক মনোনিত একজন স্বাস্থ্য শিক্ষা বা গবেষণা সংক্রান্ত সরকারি/বেসরকারি সংস্থার প্রতিনিধি | সদস্য |
| (ন) বায়োসেফটি/মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত একজন বিশেষজ্ঞ | সদস্য |
| (প) সভাপতি কর্তৃক মনোনিত একজন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| (ফ) সভাপতি কর্তৃক মনোনিত একজন বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |

**(২) জাতীয় কমিটির কার্যাবলী—** এই বিধিমালার অধীন চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করিতে জাতীয় কমিটির কার্যাবলী হইবে নিম্নরুপ-

(ক) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার সার্বিক পরিস্থিতি পর্যালোচনা এবং চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করিবার জন্য প্রয়োজনীয় নীতি, নির্দেশিকা ও অনুশাসনের বিষয়ে সুপারিশ প্রদান বা দিক নির্দেশনা প্রদান;

(খ) বর্জ্য প্রক্রিয়াকরণ, পৃথকীকরণ, পুন:চক্রায়ন উপযোগীকরণ এবং চূড়ান্ত পরিত্যজন (Final Disposal) সংক্রান্ত নূতন প্রযুক্তি বা পদ্ধতি প্রবর্তন ও প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলি জারির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(গ) বর্জ্য ব্যবস্থাপনায় অনিয়ম বা যথাযথ পদ্ধতি অনুসৃত না হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে ব্যাখ্যা তলব বা প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(ঘ) কমিটি উহার দায়িত্বের সহিত সংশ্লিষ্ট কোনো বিষয় সরেজমিনে তদন্ত করিয়া তৎকর্তৃক ধার্য্য তারিখের মধ্যে লিখিত প্রতিবেদন দাখিলের জন্য অধিদপ্তর, স্থানীয় সরকার কর্তৃপক্ষ, অন্যান্য কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(ঙ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার জন্য উপযুক্ত প্রযুক্তি ও কর্মপন্হা গ্রহণে সুপারিশ ও দিকনির্দেশনা প্রদান এবং এ বিষয়ে আন্তর্জাতিক ও জাতীয় মানদন্ড অনুসরণপূর্বক ক্ষতিকারক ও কম কার্যকর প্রযুক্তি ব্যবহারে নিরুৎসাহিতকরণ;

(চ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক সংস্থার নির্দেশিকা ও মানমাত্রার প্রতিপালন সুপারিশ প্রদান;

(ছ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(জ) আপদকালীন, মহামারি ও অতিমারির সময়ে চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে প্রয়োজনীয় ও জরুরি দিকনির্দেনা প্রদান;

(ঝ) চিকিৎসা-বর্জ্যের দ্বারা পরিবেশ দূষণ সম্পর্কিত জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার নিমিত্ত সংশ্লিষ্ট সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(ঞ) সরকারি, বেসরকারি বিভিন্ন দপ্তর/সংস্থার কাজের মধ্যে সমন্বয় সাধন করা;

(ট) চিকিৎসা বর্জ্য সংগ্রহ, পরিবহন, পৃথকীকরণ, পরিত্যজন (disposal), নিরাপদভাবে মাটি চাপাদান ও ভস্মীকরণ বা পোড়ানো কর্মে নিয়োজিত প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বর্জ্য শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা, স্বাস্থ্যবীমাকরণ ও মানবিক উন্নয়নে প্রয়োজনীয় ও জরুরী দিক নির্দেশনা প্রদান; এবং

(ঠ) এই বিধি বাস্তবায়নকল্পে অন্যান্য দায়িত্বসমূহ।

**(৩)** কমিটি, প্রয়োজনবোধে, যে কোনো সদস্য কো-অপ্ট করিতে পারিবে এবং কারিগরি উপকমিটি গঠন করিতে পারিবে।

**(৪)** জাতীয় কমিটি বছরে নূন্যতম ২ (দুই) বার সভায় মিলিত হইবে।

**৪। সাধারণ বিধানাবলী।-** এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে চিকিৎসা বর্জ্যের ক্ষতিকর প্রভাব হইতে জনস্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষিত রাখিতে নিম্নরূপ সাধারণ বিধানাবলী চিকিৎসা বর্জ্য উৎপাদন, ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ এবং পরিত্যজন (Disposal) সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান, সংস্থা এবং তাদের মালিক/স্বত্বাধিকারী/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির (সরকারি প্রতিষ্ঠান) দ্বারা অবশ্যই পালনীয় হইবে, যথা-

(১) চিকিৎসা বর্জ্যের অনিয়ন্ত্রিত/বিধিবর্হিভুত ব্যবস্থাপনা দ্বারা পরিবেশ, প্রতিবেশ ব্যবস্থা ও জনস্বাস্থ্যের ক্ষতি করা যাইবে না;

(২) চিকিৎসা বর্জ্য পুনঃব্যবহারযোগ্য (reuse) হইবে না;

(৩) চিকিৎসা বর্জ্যের উৎপাদন হ্রাস করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে হইবে;

(৪) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা এবং চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী প্রতিষ্ঠান বা সংস্থাসমূহ চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা ও কার্যপদ্ধতি অনুসরণ করিতে হইবে;

(৫) চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করিতে পরিবেশ অধিদপ্তর উপযুক্ত চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থাসমূহকে (যা পূর্বেই স্থানীয় সরকার বিভাগ/মিউনিসিপ্যালিটি কর্তৃক লাইসেন্স/অনুমতি প্রাপ্ত) ছাড়পত্র প্রদান করিবে এবং তাহাদের অনুসৃতব্য নির্দেশিকা, মানদণ্ড ও কর্মপদ্ধতি নির্ধারণ করিবে;

(৬) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থাকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রদানের ক্ষেত্রে চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে পরিবেশ অধিদপ্তর হতে আরোপিত শর্ত বলবৎযোগ্য করিবে;

(৭) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার বিস্তারিত কর্ম পরিকল্পনা, আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত প্রস্তাবনা ছাড়া নতুন চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা, পরিবেশগত ছাড়পত্র বা অনুমোদন পাইবে না;

(৮) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা কর্মপরিকল্পনার কার্যপরিধি নির্ধারণে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবেশ অধিদপ্তর বিশ্বস্বাস্থ্য সংস্থার ও অন্যান্য আন্তর্জাতিক নির্দেশিকা অনুসরণ করিবে;

(৯) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থাসমূহ এবং চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থা চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় জড়িত সকল কর্মীর স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিত করিবে এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সময় সময় জারীকৃত নিরাপত্তা নির্দেশিকা বাস্তবায়ন করিতে হইবে;

(১০) সকল সরকারি ও বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের উৎপাদিত চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার জন্য পৃথক ও নিরবচ্ছিন্ন বাজেট বরাদ্দ রাখিতে হইবে ও বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রতিটি প্রতিষ্ঠানে সুনির্দিষ্ট সেল বা ইউনিট গঠন করিতে হইবে।

**৫। চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা সমূহের দায়িত্ব ও কার্যাবলী।—**

(১) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিটি প্রতিষ্ঠান বা সংস্থা জনস্বাস্থ্য এবং পরিবেশসম্মত উপায়ে চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার নিশ্চয়তা প্রদানে আইনগতভাবে দায়ী থাকিবে।

(২) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থাসমূহের সুনির্দিষ্ট দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) কোনো চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনা অনুযায়ী বায়ো-হ্যাজার্ডাস বর্জ্য উৎপাদন হ্রাস করিতে হইবে;

(খ) প্রতিটি চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনা অনুযায়ী কালার কোডেড বিনে সংরক্ষণ করিবার আগে বিভিন্ন ধরণের কঠিন বায়ো-হ্যাজার্ডাস বর্জ্য তফসিল-১ অনুসারে পৃথক এবং প্যাকেটজাত এবং তফসিল-২ অনুসারে বর্ণবিন্যাস করিতে হইবে;

(গ) কোনো চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনা অনুযায়ী নিজস্ব বর্জ্য প্রক্রিয়াজাতকরণ ও পরিশোধন সুবিধাদি স্থাপন করিতে হইবে;

(ঘ) প্রযোজ্য সকল ক্ষেত্রে চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা নিজস্ব তরল বর্জ্য শোধনাগার (ETP/WWTP/STP) স্থাপন এবং তা সার্বক্ষণিক চালু রাখা নিশ্চিত করিতে হইবে। উল্লেখ্য, তরল বর্জ্য নির্গমনের মানমাত্রা তফসিল-৩ (৭) অনুযায়ী নির্ধারিত হইবে;

(ঙ) তফসিল-১ ও ৩ অনুযায়ী চিকিৎসা বর্জ্য সংগ্রহ, পৃথকীকরণ, প্যাকেটজাতকরণ এবং জীবাণুমুক্ত করিয়া মওজুত করিতে হইবে;

(চ) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থাকে নিজস্ব উৎপাদিত চিকিৎসা বর্জ্য মওজুত, সুরক্ষা ও সংরক্ষণ, নিশ্চিত করিবার জন্য নিজস্ব সীমানার ভিতরে একটি নিরাপদ সংরক্ষণাগার (Secondary Transfer Station) স্থাপন করিতে হইবে, যেখানে অবাধ বায়ু সঞ্চালনের সুবিধা রহিয়াছে এবং তাহা নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করিতে হইবে;

(ছ) চিকিৎসা বর্জ্য যাহাতে সংরক্ষণাগার হইতে কোনোভাবেই নিঃসৃত বা ছড়াইয়া না পড়ে তাহা নিশ্চিত এবং পোঁকামাকড় ও অন্যান্য প্রাণীর উপদ্রব রোধ করিতে হইবে। সেই সাথে প্রশিক্ষিত কর্মচারি ব্যতীত অন্য সকলের সংরক্ষণাগারে প্রবেশাধিকার নিয়ন্ত্রণ করিতে হইবে;

(জ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নকালে সংঘঠিত দূর্ঘটনার বিষয়ে ফরম ১ অনুযায়ী অবিলম্বে পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরকে অবহিত করিতে হইবে;

(ঝ) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থাসমূহকে চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত অথবা বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/পরিশোধনকারী সংস্থার সাথে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে নির্ধারিত সার্ভিস চার্জের বিনিময়ে বিধি মোতাবেক চিকিৎসা বর্জ্য যথাসময়ে বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/পরিশোধনকারী সংস্থার নিকট হস্তান্তর করিতে হইবে;

(ঞ) সকল চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক প্রতিদিনের চিকিৎসা বর্জ্যের পরিমাণ রেজিষ্ট্রিতে লিপিবদ্ধ করিবে এবং উহার বাৎসরিক প্রতিবেদন পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট স্থানীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে;

(ট) চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থার নিকট চিকিৎসা বর্জ্য হস্তান্তরের পূর্বে ~~বিধি ৮~~ বিধি ৭ এবং তফসিল- ১, ২ ও ৩-এর বিধান অনুযায়ী উক্ত বর্জ্য পৃথকীকরণ ও জীবাণুমুক্ত এবং পরিশোধন করিতে হইবে;

(ঠ) চিকিৎসা বর্জ্য পৃথকীকরণ, সংগ্রহ, মজুতকরণ ও জীবাণুমুক্তকরণের জন্য তফসিল-১ ও ৩ এ বর্ণিত মানমাত্রার ব্যাগ, পাত্র, জীবাণুমুক্ত করিবার সরঞ্জামাদি ইত্যাদির পর্যাপ্ত মজুদ নিশ্চিত করিতে হইবে;

(ড) উৎপাদিত ও পৃথকীকৃত সাধারণ চিকিৎসা বর্জ্য এবং যথাযথভাবে পরিশোধিত বিপজ্জনক চিকিৎসা বর্জ্য নিরাপদ এবং পরিবেশ সম্মতভাবে পরিত্যজনের (disposal) জন্য চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিতে হইবে;

(ঢ) পরিবেশ অধিদপ্তর এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত নির্দেশিকা অনুযায়ী চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীকে (বা চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনাকারীদের) নিয়োগের শুরুতে এবং পরবর্তীতে কর্মকালীন প্রতি বছর একবার বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিতে হইবে;

(ণ) স্বাস্থ্য অধিদপ্তর হতে লাইসেন্স এবং পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ/নবায়নের সময় স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক কর্মকর্তা-কর্মচারীদেরকে প্রদানকৃত প্রশিক্ষণের রেকর্ড দাখিল করিতে হইবে;

(ত) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীর পেশাগত স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত যথাযথ প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী (মোটা রাবারের গ্লাভস, মাস্ক, সেফটি গগলস, হেলমেট, এপ্রোন/গাউন, বুট, নিরাপদ ও জীবাণুমুক্ত করনের উপকরণ) তাহাদেরকে প্রদান করিতে হইবে। সেই সাথে কর্মকালীন সময়ে উক্ত সুরক্ষা সামগ্রীর সঠিক ব্যবহার/পরিধান নিশ্চিত করিতে হইবে;

(থ) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা বা প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থা কর্তৃক জাতীয় টিকাদান নীতি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশিকা অনুসরণপূর্বক চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীকে হেপাটাইটিস বি, টিটেনাসসহ অন্যান্য রোগের প্রতিষেধক/প্রতিরোধক টিকা প্রদান করিতে হইবে;

(দ) স্বাস্থ্য অধিদপ্তরের দিকনির্দেশনা অনুযায়ী নিয়োগের সময়সহ বৎসরে অন্তত একবার চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীর স্বাস্থ্য পরীক্ষা এবং এ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করিতে হইবে;

(ধ) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থা এই বিধিমালার নির্ধারিত ফরম নং ৩ অনুসরণপূর্বক চিকিৎসা বর্জ্য ব্যবস্হাপনায় সম্পাদিত সকল কার্যের বাৎসরিক প্রতিবেদন (সফট কপি ও হার্ড কপি) পরিবেশ অধিদপ্তর এবং স্বাস্হ্য অধিদপ্তরকে প্রেরণ করিতে হইবে;

(ন) নিজস্ব ওয়েবসাইটে সকল অনুমতি পত্র, বর্জ্য ব্যবস্হাপনা সংক্রান্ত তথ্য এবং প্রযোজ্যক্ষেত্রে বার্ষিক প্রতিবেদন প্রদর্শন ~~করিবে~~ করিতে হইবে;এবং

(প) সকল চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্হাপনা নিশ্চিত করিতে প্রয়োজনীয় দক্ষতা রহিয়াছে এরুপ কর্মকর্তার সমন্বয়ে নিজস্ব কর্ম কমিটি গঠন করিতে হইবে।

**৬। চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/ পরিশোধনকারী সংস্থা সমূহের দায়িত্ব ও কার্যাবলী।–**

(১) চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/ পরিশোধনকারী সকল সংস্থা জনস্বাস্থ্য এবং পরিবেশসম্মত উপায়ে এই বিধিমালায় উল্লিখিত **চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থাসমূহের** জন্য নির্ধারিত নিয়ম অনুযায়ী চিকিৎসা বর্জ্য সংগ্রহ, পরিবহন, প্রক্রিয়াজাতকরণ ও পরিশোধনের নিশ্চয়তা প্রদানে আইনগতভাবে দায়ী থাকিবে।

(২) এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী /পরিশোধনকারী সংস্থাসমূহের নিম্নরুপ দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবে –

(ক) চিকিৎসা বর্জ্য সংগ্রহ, প্রক্রিয়াজাত করণ বা পরিশোধন করিতে ইচ্ছুক এমন প্রত্যেক সংস্থা (যা পূর্বেই স্থানীয় সরকার বিভাগ/মিউনিসিপ্যালিটি কর্তৃক লাইসেন্স/অনুমতি প্রাপ্ত) পরিবেশ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরম পূরণ করিয়া চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা করিবার জন্য ছাড়পত্রের জন্য আবেদন করিতে হইবে;

(খ) পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহন ব্যতিত কোনো প্রতিষ্ঠান/সংস্থা চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/ পরিশোধন কাজে অংশ নিতে পারিবে না;

(গ) পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সহিত লোকবল, আর্থিক ও কারিগরী সক্ষমতাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতির সংস্থান এবং ভূমি ব্যবহার সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হইবে;

(ঘ) চিকিৎসা বর্জ্য সংগ্রহ, পরিবহণ, সংরক্ষণ, পরিশোধন, প্রক্রিয়াজাতকরণ ও চুড়ান্ত পরিত্যজন (Final Disposal) এর ক্ষেত্রে জনস্বাস্থ্য ও পরিবেশের উপর যেনো কোনো বিরূপ প্রভাব না পড়ে তাহা নিশ্চিত করিতে হইবে;

(ঙ) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থা হইতে সময়মত (প্রতিদিন) চিকিৎসা বর্জ্য সংগ্রহ নিশ্চিত করিবে;

(চ) তফসিল-৩ এ বর্ণিত মানদন্ড প্রতিপালনপূর্বক চিকিৎসা- বর্জ্য পরিশোধন, অপসারণ বা বিনষ্ট করিতে হইবে;

(ছ) এই বিধির বিধান অনুসরণ করিয়া কোনো চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থা নির্ধারিত সময় ও পদ্ধতিতে চিকিৎসা বর্জ্য হস্তান্তর না করিলে চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/ পরিশোধন সংস্থা অবিলম্বে পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট স্থানীয় কার্যালয়-কে অবহিত করিতে হইবে;

(জ) চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/পরিশোধনের নিমিত্তে অনুমোদিত প্রতিষ্ঠান চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দক্ষ ও প্রশিক্ষিত কর্মী নিয়োগ করিতে হইবে;

(ঝ) পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত নির্দেশিকা অনুযায়ী চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/পরিশোধন প্রক্রিয়ায় নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীকে (বা চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনাকারীদের) নিয়োগের শুরু এবং পরবর্তীতে প্রতি বছর অন্তত একবার বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিতে হইবে;

(ঞ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীর পেশাগত স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করিবে এবং সে লক্ষ্যে তাহাদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী (মোটা রাবারের গ্লাভস, মাস্ক, সেফটি গগলস, হেলমেট, এপ্রোন/গাউন, বুট, নিরাপদ ও জীবানুমুক্ত করনের উপকরন প্রদান করিবে; এবং কর্মকালীন সময়ে সঠিকভাবে ব্যবহার/পরিধান করিতে হইবে;

(ট) জাতীয় টিকাদান নীতি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশিকা অনুসরণপূর্বক চিকিৎসা র্বজ্য ব্যবস্থাপনায় নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীকে হেপাটাইটিস বি/সি, টিটেনাসসহ অন্যান্য সংক্রামক রোগের প্রতিষেধক/প্রতিরোধক টিকা প্রদান করিতে হইবে;

(ঠ) স্বাস্থ্য অধিদপ্তরের দিকনির্দেশনা অনুযায়ী নিয়োগের সময়সহ বৎসরে অন্তঃত একবার চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীর স্বাস্থ্য পরীক্ষা করিবে, এবং এ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করিবে;

(ড) বর্জ্য ব্যবস্থাপনায় সম্পাদিত কার্যক্রম বিষয়ে বিস্তারিত বাৎসরিক প্রতিবেদন (প্রমাণকসহ) পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করিতে হইবে;

(ঢ) নিজস্ব ওয়েবসাইটে সকল অনুমতি পত্র, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য এবং প্রযোজ্যক্ষেত্রে বার্ষিক প্রতিবেদন প্রদর্শন ~~করিবে~~ করিতে হইবে;

(ণ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নকালে সংগঠিত দূর্ঘটনার বিষয়ে ফরম ১ অনুযায়ী অবিলম্বে পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরকে অবহিত করিতে হইবে;

(ত) যে সকল চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা হইতে প্রক্রিয়াজাতরণ/পরিশোধন করিবার জন্য চিকিৎসা বর্জ্য সংগ্রহ করা হইয়াছে সে সকল সংস্থা বা প্রতিষ্ঠানকে পরিশোধন প্লান্ট সরেজমিনে পরিদর্শনের সুযোগ প্রদান করিতে হইবে;;

(থ) কেবলমাত্র পরিবেশ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে পরিশোধিত এবং খন্ডিত (Shredding) বর্জ্য (যেমন-প্লাস্টিক, গ্লাস) পুন:চক্রায়নকারী প্রতিষ্ঠানকে প্রদান করিবে এবং এইরূপ হস্তান্তরিত বর্জ্যের রেজিস্টার বা নথি সংরক্ষণ করিতে হইবে;

(দ) বৃহৎ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় কিংবা প্রক্রিয়াজাতকারীর মাধ্যমে সরকারী ছুটির দিনেও চিকিৎসা বর্জ্য সংগ্রহ ও পরিশোধন নিশ্চিত করিতে হইবে;

(ধ) বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/পরিশোধনের জন্য ব্যবহৃত সকল যন্ত্রের হালনাগাদ ও আধুনিকীকরণ নিশ্চিত করিবে;

(ন) বর্জ্য প্রক্রিয়াজাতকরণ ও পরিশোধনের ক্ষেত্রে প্রতিটি যন্ত্রের ব্যবহার/পরিচালনার বিস্তারিত বিবরণ ও কি ধরণের/শ্রেণির, পরিমানসহ চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরণ, পরিশোধন/বিশোধন করা হইয়াছে তাহা লগ বইয়ে লিপিবদ্ধ করিতে হইবে;

(প) তফসিল-৩ এ উল্লিখিত চিকিৎসা বর্জ্য বিনষ্টকরণ ও শোধনের "আদর্শ মান" বজায় রাখিয়া অসংক্রামিত ও নিস্ক্রিয় অবস্থায় চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/পরিশোধনের ব্যবস্থা গ্রহণ করিবে;

(ফ) অপরিশোধিত বিপজ্জনক চিকিৎসা বর্জ্য কেবল এতদুদ্দেশ্যে অনুমোদিত যানবাহনেই পরিবহন করিতে হইবে;

(ব) প্রযোজ্য সকল ক্ষেত্রে চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থা নিজস্ব তরল বর্জ্য শোধনাগার (ETP-Effluent Treatment Plant/WWTP) স্থাপন করিবে এবং তা সার্বক্ষণিক চালু রাখা নিশ্চিত করিবে। উল্লেখ্য, তরল বর্জ্য নির্গমনের মানমাত্রা তফসিল-৩ (৭) অনুযায়ী নির্ধারিত হইবে;

(ভ) চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারণ/পরিশোধন প্লান্ট এবং যানবাহনে অগ্নি নির্বাপন সরঞ্জামাদি থাকিতে হইবে;

(ম) বর্জ্য প্রক্রিয়াজাতকরণ/পরিশোধন প্লান্টে প্রবেশাধিকার সংরক্ষিত রাখিতে হইবে; এবং

(য) উপযুক্ত কর্তৃপক্ষ/কমিটি (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জের বিনিময়ে চিকিৎসা-বর্জ্যের প্রক্রিয়াজাতকরণ/পরিশোধন করিতে হইবে।

**৭। চিকিৎসা বর্জ্য পৃথকীকরণ, লেবেলিং, প্যাকেটজাতকরণ, পরিবহন ও মজুদকরণ।-**

(১) কোনো অপরিশোধিত চিকিৎসা বর্জ্য সাধারণ বর্জ্যের সহিত মিশ্রিত করা যাইবে না;

(২) প্রক্রিয়াজাতকরণ/পরিশোধনের জন্য হস্তান্তরের পূর্বে তফসিল-১ এর বিধান মোতাবেক চিকিৎসা বর্জ্য উৎপাদনের স্থানেই পৃথকীকরণপূর্বক নির্দিষ্ট বর্ণের প্লাস্টিক পাত্র বা ব্যাগে (পঁচনশীল পলি যার পুরুত্ব কমপক্ষে ৫৫ মাইক্রন) তফসিল ২ অনুযায়ি সংরক্ষণ/প্যাকেটজাতকরণ এবং ফরম ২ অনুযায়ী লেবেল সংযুক্ত করিতে হইবে;

(৩) চিকিৎসা বর্জ্য কেবলমাত্র তফসিল ২ অনুযায়ি প্যাকেটজাতকরণপূর্বক যথাযথভাবে সুরক্ষিত বাহনে পরিবহন করিতে হইবে এবং ফরম ২ এ উল্লেখিত তথ্যাদি সংযুক্ত রাখিতে হইবে;

(৪) অপরিশোধিত ক্ষতিকর বর্জ্য ৪৮ ঘন্টার বেশি মওজুত রাখা যাইবে না তবে অপরিহার্য ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরকে যথাযথ কারণ উল্লেখপূর্বক অবহিত করিয়া ও যথাযথ নিরাপত্তা নিশ্চিত করিয়া প্রয়োজনীয় সময় মওজুত রাখা যাইতে পারে;

(৫) মাইক্রোবায়োলজিক্যাল বর্জ্য এবং গবেষণাগারের অন্যান্য সকল ক্লিনিক্যাল বর্জ্য চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী ও পরিশোধনকারী সংস্থার নিকট হস্তান্তরের পূর্বে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকা ও এই বিধি মোতাবেক জীবাণুমুক্ত (Sterilization) করিতে হইবে;

(৬) অতীক্ষ্ণ কঠিন বায়ো-হ্যাজার্ডাস বর্জ্য লাল রংয়ের নির্দিষ্ট আকারের (১'x ২' বা ২'x ৩' বা অন্যান্য স্ট্যান্ডার্ড আকারের) অটোক্লেভেবল বায়োহ্যাজার্ড ব্যাগে প্যাকেজিং করিতে হইবে;

(৭) চূড়ান্ত পরিত্যজন (disposal) পদ্ধতির উপর নির্ভর করিয়া প্লাস্টিক বর্জ্য অন্যান্য কঠিন বায়ো-হ্যাজার্ডাস বর্জ্য থেকে পৃথক করা যাইতে পারে। যদি চূড়ান্ত পরিত্যজন (disposal) পদ্ধতি ইনসিনারেশন হয় তবে সমস্ত কঠিন বর্জ্য একসাথে পরিত্যজন (disposal) করা যাইতে পারে। যদি বায়োডিগ্রেডেবল বর্জ্য ল্যান্ডফিল করা হয় তবে এটি প্লাস্টিক থেকে পৃথকীকরনপূর্বক প্যাকিং

করিতে হইবে। ইহা মনে রাখিতে হইবে যে বায়ো-হ্যাজার্ডাস বর্জ্য একবার প্যাকিং করা হইলে জীবাণুমুক্ত না হওয়া পর্যন্ত আর খোলা যাইবে না;

(৮) সমস্ত সংক্রামক কঠিন বর্জ্য ডাবল ব্যাগে প্যাকিং করিতে হইবে। কোনো কারণে যদি ব্যাগটি ফেটে যায় বা পাংচার হয়ে যায় তবে প্যাকেজটি না খুলিয়া অটোক্লেভ করার আগে এটি পুনরায় প্যাক করিতে হইবে। সমস্ত সংক্রামক কঠিন বর্জ্য **চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থা**য় হস্তান্তরের আগে অটোক্লেভ বা অন্য কোনো পদ্ধতিতে জীবাণুমুক্ত করিতে হইবে। অটোক্লেভের কার্যকারিতা বায়োলজিক্যাল ইনডিকেটর (জৈবিক সূচক) বা রাসায়নিক ইনডিকেটর ব্যবহার করিয়া সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে যাচাই করিতে হইবে; এবং

(৯) সমস্ত ধারালো বর্জ্য সঠিকভাবে ডিজাইন এবং তৈরি করা (যে কোনো দিক থেকে পাংচার প্রতিরোধী এবং উপরের অংশ ব্যতীত সমস্ত দিক থেকে লিকেজ হবে না এমন) লাল রঙের ধারালো বস্তু সংরক্ষণ করার পাত্রে সংরক্ষণ করিতে হইবে। সঠিকভাবে ডিজাইন করা পাংচার প্রতিরোধী ধারালো বস্তু সংরক্ষণ করিবার পাত্রে সংরক্ষণ করা সংক্রামক ধারালো বর্জ্য সরাসরি ইনসিনারেশন করিতে হইবে।

**৮। বার্ষিক প্রতিবেদন।—**

(১) বিধি-৫ এর বিধান সাপেক্ষে চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিটি প্রতিষ্ঠান বা সংস্থা নির্ধারিত ফরম-৩ এ পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর এর নিকট প্রতি বছর ৩১শে আগস্টের মধ্যে একটি বার্ষিক প্রতিবেদন দাখিল করিতে হইবে;

(২) বিধি-৬ এর বিধান সাপেক্ষে চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী প্রতিটি সংস্থা নির্ধারিত ফরম-৩ এ পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর এর নিকট প্রতি বছর ৩১শে আগস্টের মধ্যে একটি বার্ষিক প্রতিবেদন দাখিল করিতে হইবে।

**৯। চিকিৎসা বর্জ্য বিনষ্টকরণ, ভস্মীকরণ ও চূড়ান্ত পরিত্যজন (disposal) এলাকা নির্ধারণ—**

(১) সিটি কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ উহার এখতিয়ারাধীন এলাকায় চিকিৎসা বর্জ্যসমূহের বিনষ্ট, ভস্মীকরণ, পরিশোধন ও চূড়ান্ত পরিত্যজন (disposal) জন্য উপযুক্ত স্থান নির্ধারন করিতে হইবে;

(২) বর্জ্য বিনষ্টকরণ, ভস্মীকরণ ও চূড়ান্ত অপসাণের এলাকা বা স্থান নির্ধারণের ক্ষেত্রে চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী কর্তৃক পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৯ অনুসরণপূর্বক অবস্থান নির্ধারণ এবং তফসিল ১১ ও ১২ যথাযথভাবে অনুসরণপূর্বক পরিবেশগত প্রভাব নিরুপণ করিতে হইবে।

(৩) চিকিৎসা বর্জ্য বিনষ্টকরণ, ভস্মীকরণ, পরিশোধন ও চূড়ান্ত পরিত্যজনের এলাকা নির্ধারণের ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল ৯ যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। উক্ত কার্যক্রমের জন্য নির্ধারিত এলাকা অবশ্যই লোকালয় হইতে দূরে ফাঁকা জায়গায় হইতে হইবে এবং জলাধার, প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা, সরকারি বনাঞ্চল ও আবাসিক এলাকায় হইতে পারিবে না।

**১০। জেলা পর্যায়ের চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা সমন্বয় ও তদারকি কমিটি।—**

(১) চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করিবার জন্য সরকার জেলা পর্যায়ের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করিল, যথা:-

| | |
|---|---|
| (ক) জেলা প্রশাসক | সভাপতি |
| (খ) সিভিল সার্জন | সদস্য |
| (গ) উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর (জেলার দায়িত্বপ্রাপ্ত) | সদস্য সচিব |
| (ঘ) পরিচালক, মেডিক্যাল কলেজ হাসপাতালের প্রতিনিধি | সদস্য |
| (ঙ) জেলা পর্যায়ের হাসপাতালের তত্ত্বাবধায়ক/উপ-পরিচালক/প্রতিনিধি | সদস্য |
| (চ) উপ-পরিচালক, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | সদস্য |
| (ছ) পুলিশ সুপার | সদস্য |
| (জ) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |

| | |
|---|---|
| (ঝ) জেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (ঞ) পৌরসভার মেয়রের প্রতিনিধি | সদস্য |
| (ট) বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের প্রতিনিধি | সদস্য |
| (ঠ) বেসরকারি চিকিৎসা সেবা প্রদানকারী সংস্থার মালিক সমিতির প্রতিনিধি | সদস্য |
| (ড) বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থার প্রতিনিধি | সদস্য |
| (ঢ) স্বাস্থ্যসেবা বিষয়ক এনজিও প্রতিনিধি | সদস্য |
| (ণ) সভাপতি কর্তৃক মনোনিত প্রেসক্লাবের প্রতিনিধি | সদস্য |
| (ত) সচিব, জেলা পরিষদ/প্রতিনিধি | সদস্য |

(২) জেলা পর্যায়ের জন্য গঠিত কমিটি-এর কার্যপরিধি:

(ক) কমিটি জেলার (ইউনিয়ন, উপজেলা ও জেলা সদরের) আওতাধীন সামগ্রিক চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনাকে কার্যকরী করিতে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ, দিক নির্দেশনা ও অন্যান্য সহায়তা প্রদান করিবে;

(খ) কমিটি জেলার চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার চাহিদার আলোকে বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থার যথাযথ কার্যক্রম নিশ্চিত করিবে;

(গ) জেলা পর্যায়ের চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা সমন্বয় ও তদারকি কমিটি বছরে ন্যূনতম ২ (দুই) বার সভায় মিলিত হইবে;

(ঘ) জেলা পর্যায়ের কমিটি উপযুক্ত সদস্যদের দ্বারা চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা এবং চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরী/পরিশোধনকারী সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে এবং উপযুক্ত নির্দেশনা প্রদান করিতে পারিবে;

(ঙ) কমিটি প্রয়োজনবোধে জাতীয় কমিটির নিকট সুপারিশ প্রেরণ করিতে পারিবে; এবং

(চ) চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থার পরিচালন ও আনুসঙ্গিক ব্যয় নির্বাহের লক্ষ্যে সকল সরকারী/বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের জন্য ন্যায় সংগত সার্ভিস চার্জ নির্ধারণ করিয়া দিবেন।

**১১। সিটি কর্পোরেশন পর্যায়ের চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা সমন্বয় ও তদারকি কমিটি।—**

(১) চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করিবার জন্য সরকার সিটি কর্পোরেশন এলাকার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করিল, যথা:-

| | |
|---|---|
| (ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সভাপতি |
| (খ) পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| (গ) ডেপুটি কমিশনার, বাংলাদেশ পুলিশ | সদস্য |
| (ঘ) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) | সদস্য |
| (ঙ) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মহানগর কার্যালয় অথবা উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর (জেলার দায়িত্বপ্রাপ্ত) | সদস্য |
| (চ) সিভিল সার্জন | সদস্য |
| (ছ) জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| (জ) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল | সদস্য |
| (ঝ) চিফ হেল্থ অফিসার, সিটি কর্পোরেশন | সদস্য |
| (ঞ) উপ-পরিচালক, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | সদস্য |
| (ট) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |

(ঠ) প্রতিনিধি, বেসরকারি ক্লিনিক এন্ড ল্যাব মালিক সমিতি — সদস্য

(ড) চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/ পরিশোধনকারী সংস্থার প্রতিনিধি — সদস্য

(ঢ) বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের প্রতিনিধি — সদস্য

(ণ) সভাপতি কর্তৃক মনোনিত প্রেসক্লাবের প্রতিনিধি — সদস্য

(ত) সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগের প্রতিনিধি — সদস্য

(থ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিটি কর্পোরেশন — সদস্য সচিব

(২) সিটি কর্পোরেশনের জন্য গঠিত কমিটি-এর কার্যপরিধি-

(ক) সিটি কর্পোরেশন এলাকার চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমকে সঠিকভাবে পরিচালনা করিতে দিক নির্দেশনা প্রদান;

(খ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা গতিশীলকরণের লক্ষ্যে বিভিন্ন ধরনের সিদ্ধান্ত প্রদান;

(গ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক পরিকল্পনা বাস্তবায়নে বাস্তবমুখি পদক্ষেপ গ্রহণ;

(ঘ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার গুণগতমান উন্নয়নে বিভিন্ন পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঙ) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের পরিবীক্ষণ ও তদারকিকরণ;

(চ) কমিটি উপযুক্ত সদস্যদের দ্বারা চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা এবং চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকরী/পরিশোধনকারী সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন এবং উপযুক্ত নির্দেশনা প্রদান;

(ছ) কমিটি প্রয়োজনবোধে জাতীয় কমিটির নিকট সুপারিশ প্রেরণ; এবং

(জ) চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থার পরিচালন ও আনুসঙ্গিক ব্যায় নির্বাহের লক্ষ্যে সকল সরকারী/বেসরকারী চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের জন্য ন্যায় সংগত সার্ভিস চার্জ নির্ধারণ।

**১২। প্রতিষ্ঠান বা সংস্থায় প্রবেশ এবং ক্ষমতা প্রয়োগ।-** এই বিধির যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিতে পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা ও চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী সংস্থার কোন ভবন বা স্থানে প্রবেশ করিবার অধিকারী হইবেন এবং বিধিমালায় উল্লেখিত সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিতে পারিবেন।

**১৩। নির্দেশিকা প্রণয়ন।-** চিকিৎসা সুষ্ঠু, পরিবেশসম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর সময় সময় সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা প্রয়োজনীয় নির্দেশিকা প্রণয়ন করিতে পারিবে।

**১৪। চিকিৎসা বর্জ্যের অব্যবস্থাপনার বিষয়ে অভিযোগ।-** কোনো সংক্ষুব্ধ ব্যক্তি পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর ফরম-১ অথবা লিখিত আবেদনের প্রেক্ষিতে মহাপরিচালক পরিবেশ অধিদপ্তর, চিকিৎসা **বর্জ্যের** অব্যবস্থাপনা এবং তৎদ্বারা পরিবেশ ও জনস্বাস্থ্যের ঝুঁকির বিষয়ে চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বা সংস্থা ও চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী ও পরিশোধনকারী সংস্থার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

**১৫। দন্ড।—**

(১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিলে তাহা অপরাধ হিসাবে গণ্য হইবে এবং উক্ত অপরাধ সংঘটনের জন্য দোষী সাব্যস্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রথম অপরাধের জন্য আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর বিধান অনুসারে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা ~~অথবা~~ উভয় দন্ডে দন্ডনীয় হইবেন।

পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অন্যূন দুই বৎসর, অনধিক ১০ বৎসর কারাদন্ড, বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা বা উভয় দন্ডে দন্ডনীয় হইবেন;

(২) এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘনকারী যদি কোনো প্রতিষ্ঠান হয়, তাহা হইলে উক্ত প্রতিষ্ঠানের, ক্ষেত্রমত, মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোনো কর্মকর্তা বা এজেন্ট বিধানটি লঙ্ঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে

পারেন যে উক্তরূপ অপরাধ তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত লঙ্ঘন রোধ করিবার জন্য তিনি সকল যুক্তিসঙ্গত পদক্ষেপ নিয়েছেন;

(৩) কোনো ব্যক্তি উপ-বিধি (১) এ বর্ণিত অপরাধ সংঘটনের জন্য দোষী সাব্যস্ত ও দন্ডিত হইলে, উক্তরূপ অপরাধ সংঘটনে ব্যবহৃত যন্ত্রপাতি বা উহার অংশবিশেষ, যানবাহন বা অপরাধ সংশিষ্ট পণ্যসামগ্রী বা অন্য কোনো বস্তু বাজেয়াপ্তির জন্যও আদালত আদেশ দিতে পারিবেন;

(৪) এই বিধিমালার বিধান লংঘনকারী প্রতিষ্ঠান বা সংস্থার অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র অনুমোদন/নবায়ন এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স স্থগিত অথবা বাতিল করিতে পারিবেন।

ব্যাখ্যা।-এই বিধিতে-

(ক) "প্রতিষ্ঠান" বলিতে কোন সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ, নিবন্ধিত কোম্পানী, অংশীদারী কারবার, সমিতি বা সংগঠনকে বুঝাইবে;

(খ) বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে "পরিচালক" বলিতে কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যকে বুঝাইবে;

**১৬। আপিল।-** এই বিধিমালার অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ধারা ১৪ এর বিধান মোতাবেক আপিল করিতে পারিবেন।

**১৭। অপরাধ ও ক্ষতিপূরণের দাবী বিচারার্থ গ্রহণ।-**

(১) মহাপরিচালক হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার লিখিত প্রতিবেদনের প্রেক্ষিতে আদালত এই বিধিমালার অধীনে কোনো অপরাধ বা ক্ষতিপূরণের মামলা বিচারার্থে গ্রহণ করিতে পারিবেন;

(২) উপবিধি (১) এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা ব্যতীত অন্য কোনো ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে আদালত এই বিধিমালার অধীনে কোনো অপরাধের মামলা বিচারার্থে গ্রহণ করিলে, মামলা দাখিলকারী কর্তৃক পরিবেশ অধিদপ্তরকে অবহিত করিতে হইবে। মামলা বিষয়ে অবহিত পরবর্তী ৬০ দিনের মধ্যে উপবিধি (১) এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার লিখিত প্রতিবেদন আদালতের বিবেচনার জন্য প্রদান করিতে হইবে।

(৩) এই বিধিমালার অধীন কোনো অপরাধের অভিযোগ দায়ের ও বিচার নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারি কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

**১৮। বিভিন্ন সংস্থার সহায়তা গ্রহণ ইত্যাদি**— চিকিৎসা বর্জ্যের সুষ্ঠু, পরিবেশ সম্মত, নিরাপদ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করিতে এবং চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে কোনো দূর্ঘটনা সংঘটিত হইলে সে বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক যে কোনো মন্ত্রণালয়, সংস্থা, অধিদপ্তর ও বিশেষজ্ঞের সহায়তা এবং সহযোগিতা গ্রহণ করিতে পারিবেন।

**১৯ । রহিতকরণ ও হেফাজত।—**

(১) চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ (২০০৮ সনের এস আর ও নং ২৯৪-আইন/২০০৮) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্বেও, রহিত বিধিমালার অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা, এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধান অনুযায়ী করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উহার অধীন গৃহীত কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

**২০ । ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ।—**

(ক) এই বিধিমালা জারীর পর সরকার সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা এই বিধিমালার ইংরেজীতে অনুদিত একটি পাঠ প্রকাশ করিবে।

(খ) বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে অস্পষ্টতার ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল-১**

**[বিধি-২ এর (খ) (গ), (চ), বিধি ৫(২) এর (খ), (ঙ), (ট) (ঠ) ও বিধি ৭ (২) দ্রষ্টব্য]**

**চিকিৎসা বর্জ্যের শ্রেণি বিভাগ এবং পৃথকীকরণ, সংগ্রহ, পরিশোধন, প্রক্রিয়াকরণ ও পরিত্যাজন**

**প্রথম অংশ**

| শ্রেণি/কালার কোড | বর্জ্যের ধরণ | বর্জ্য রাখার ধারক/ কন্টেইনার | পরিশোধন ও পরিত্যজন পদ্ধতি |
|---|---|---|---|
| **হলুদ** | **ক) মানবদেহের অংশ বিশেষের বর্জ্য -** মানব টিস্যু, অঙ্গ, দেহের অংশ এবং নির্জীব ভ্রুণ<br>**খ) প্রাণির দেহের অংশ বিশেষের বর্জ্য-** গবেষণায় ব্যবহৃত প্রাণির মরদেহ, টিসু, অঙ্গ ও দেহের অংশ। এছাড়া ভেটেরিনারী হাসপাতাল/কলেজ/এ্যানিমেল হাউজের গবেষণায় বা টেস্টিং এ ব্যবহৃত প্রাণির বর্জ্য | **হলুদ রং এর প্লাস্টিকের পাত্র/ধারক (ব্যাগ-১)** | ইনসিনারেশন/ প্লাজমা পাইরোলাইসিস/ নিরাপদ গভীর গর্তে মাটিচাপা দেওয়া |
| | **গ) কঠিন বর্জ্য-** যে কোন বস্তু রক্ত, দেহ রস দ্বারা দূষিত যেমন- রক্ত বা রক্ত কনিকাযুক্ত ড্রেসিং, প্লাস্টার কাস্টস, তুলা, ব্যান্ডজ ও ব্যাগ, পরিত্যাক্ত কাপড়, মাদুর, বেডিংস ইত্যাদি | **হলুদ রং এর প্লাস্টিকের পাত্র/ধারক (ব্যাগ-২)** | নন-ক্লোরিনেটেড (Non- chlorinated) জীবাণুমুক্তকরণ কেমিক্যাল দ্বারা জীবাণুমুক্ত করিয়া ইনসিনারেশন/ প্লাজমা পাইরোলাইসিস/নিরাপদ গভীর গর্তে পুতে ফেলা। যেখানে এ ধরণের পরিত্যজন সুবিধা নাই সেক্ষেত্রে অটোক্লেভিং/মাইক্রোওয়েভিং পদ্ধতিতে জীবাণুমুক্ত করিয়া শ্রেডিং/কাটিয়া ফেলিতে হইবে। উক্ত পরিশোধিত বর্জ্য জ্বালানি/বিদ্যুৎ/তাপ পুনরুদ্ধার (Waste to Energy recovery) এর জন্য প্রেরণ করিতে হইবে অথবা নিরাপদ জমি ভরাট (Secured land filling)-এর মাধ্যমে অপসারণ করিতে হইবে। |
| | **ঘ) মেয়াদ উত্তীর্ণ/পরিত্যাক্ত ঔষধ –** ফার্মাসিউসিক্যালস বর্জ্য এন্টিবায়োটিক, সাইটোটক্সিক (Cytotoxic) ড্রাগস। গ্লাস বা প্লাস্টিক এ্যাম্পুলস (plastic ampoules) ও ভায়েলসহ যে কোন বস্তু যা সাইটোটক্সিক ড্রাগস দ্বারা দূষিত। | **হলুদ রং এর প্লাস্টিকের পাত্র/ধারক (ব্যাগ-৩)** | সাইটোটক্সিক ড্রাগ এবং সাইটোটক্সিক ড্রাগ দ্বারা কন্টামিনেটিড দ্রব্য ও অন্যান্য পরিত্যাক্ত ঔষধ বিধি দ্বারা নির্ধারিত মানদন্ড ও মানমাত্রা প্রতিপালনকারী ইনসিনারেটর/প্লাজমা পাইরোলাইসিসের মাধ্যমে পরিত্যজন করা অথবা এনক্যাপসুলেশন করার জন্য চিকিৎসা বর্জ্য পরিশোধনকারী প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করিতে হইবে। অন্যান্য পরিত্যাক্ত ঔষধ উৎপাদনকারীর নিকট ফেরত প্রদান অথবা ইনসিনারেটরের |

| শ্রেণি/কালার কোড | বর্জ্যের ধরণ | বর্জ্য রাখার ধারক/ কন্টেইনার | পরিশোধন ও পরিত্যজন পদ্ধতি |
|---|---|---|---|
| | | | ম্যধ্যমে পরিত্যজন করিতে হইবে। |
| | **ঙ) কঠিন কেমিক্যাল বর্জ্য-** বায়োলজিক্যাল প্রক্রিয়ায় ব্যবহৃত কেমিক্যাল, ব্যবহৃত বা পরিত্যাক্ত জীবাণুমুক্তকরণ রাসায়নিক পদার্থ | **হলুদ রং এর প্লাস্টিকের পাত্র/ধারক (ব্যাগ-৪)** | ইনসিনারেশন/ প্লজমা পাইরোলাইসিস এর মাধ্যমে পরিশোধন করিতে হইবে অথবা এনক্যাপসুলেশন (Encapsulation) করার জন্য চিকিৎসা বর্জ্য পরিশোধনকারী প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করিতে হইবে। |
| | **চ) তরল কেমিক্যাল বর্জ্য-** বায়োলজিক্যাল প্রক্রিয়ায় ব্যবহৃত কেমিক্যাল, ব্যবহৃত বা পরিত্যাক্ত জীবাণুমুক্তকরণ রাসায়নিক পদার্থ হতে সৃষ্ট তরল বর্জ্য, সিলভার এক্সরে ফিল্ম উৎপাদনের জন্য ব্যবহৃত তরল , পরিত্যাক্ত ফরমালিন, সংক্রমিত নিঃসরিত তরল, দেহ রস (Body Fluid) , গবেষণাগারের তরল বর্জ্য, ফ্লোর ওয়াশিং, ক্লিনিং ও হাউজ-কিপিং এর তরল বর্জ্য এবং জীবাণুমুক্তকরণের তরল বর্জ্য | **আলাদাভাবে পাইপলাইনের মাধ্যমে অথবা ঢাকনাযুক্ত নীল পাত্র/ধারকে সংগ্রহ করে ইটিপির মাধ্যমে পরিশোধন করিতে হইবে।** | চিকিৎসা তরল বর্জ্য সাধারণ তরল বর্জ্যের সহিত মিশ্রণের পূর্বে প্রি-ট্রিটমেন্ট করিতে হইবে এবং পরিশোধিত তরল বর্জ্যের গুণগতমান তফসিল ৩ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকিতে হইবে। |
| | **ছ) মাক্রোবায়োলজি বা বায়োটেকনোলজি অথবা অন্যান্য ক্লিনিক্যাল ল্যাবরেটরি বর্জ্য-** ব্লাড ব্যাগ, ল্যাবোরেটরি কালচার (Laboratory cultures), মাইক্রো-অর্গানিজমের স্টক/স্পেসিমেন, সজীব ভ্যাকসিন, গবেষণায় ব্যবহৃত মানব বা প্রাণি কোষ কালচার (cultures), রেসিডুয়াল ও বায়োলজিক্যাল টক্সিন উৎপাদন, কালচারে ব্যবহৃত যন্ত্রপাতি ও ডিস্ক | **অটোক্লেভে নষ্ট হয় না এমন হলুদ প্লাস্টিক পাত্র/ধারক (ব্যাগ-৬ ৫)** | WHO গাইডলাইন অনুসারে নন-ক্লোরিনেটেড (Non- chlorinated ) কেমিক্যাল দ্বারা চিকিৎসা সেবাদানকারী প্রতিষ্ঠান প্রাঙ্গানে প্রাথমিক জীবাণুমুক্ত (Pre-treatment) করিতে হইবে এবং উহার পর ইনসিনারেশন করিতে হইবে অথবা কোন চিকিৎসা বর্জ্য পরিশোধন ও পরিত্যজনকারীর নিকট প্রেরণ করিতে হইবে। |

| শ্রেণি/কালার কোড | বর্জ্যের ধরণ | বর্জ্য রাখার ধারক/ কন্টেইনার | পরিশোধন ও পরিত্যজন পদ্ধতি |
|---|---|---|---|
| **সবুজ** | **পুন:চক্রায়নযোগ্য কন্টামিনেটেড দূষিত (contaminated) বর্জ্য** - চিকিৎসা সেবায় যে সমস্ত সামগ্রী শুধুমাত্র একবার ব্যবহার সেই সব সামগ্রী যেমনঃ টিউব, বোতল, ইন্ট্রাভেনাস টিউব (intravenous tubes)সহ সেট, ক্যাথেটার, ইউরিন ব্যাগ, সুঁচ ব্যতীত সিরিঞ্জ, সুঁচ ব্যতীত ভ্যাকুটেইনার এবং গ্লাভস | **সবুজ রং এর প্লাস্টিক পাত্র/ধারক** | অটোক্লেভিং বা মাইক্রোওয়েভিং করে অথবা অন্য কোনো পদ্ধতিতে (Chemical Disinfection)/স্টেরিলাইজেশনকরত: স্রেডিং করিতে হইবে। পরিশোধিত বর্জ্য কোন অনুমোদিত রিসাইক্লিং প্রতিষ্ঠানের নিকট অথবা বর্জ্য জ্বালানি/বিদ্যুৎ/তাপ পুনরুদ্ধারকারী (Waste to Energy recovery) প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিতে হইবে। |
| **লাল** | **ধারালো বর্জ্য (ধাতবসহ)** – সুঁচ, সুঁচসহ সিরিঞ্জ, নিডেল কাটারের সুঁচ, বার্নার, ব্লেড, যে কোন কন্টামিনেটেড (contaminated) ধারালো পরিত্যাক্ত বা ব্যবহৃত বস্তু যা কোন কিছুকে ছিদ্র/ কাটিতে পারে। | **ছিদ্র নিরোধক এবং টেম্পার নিরোধক লাল পাত্র/ধারক-১** | প্রথমে অটোক্লেভিং (উচ্চ তাপ ও চাপে জীবাণুমুক্ত) অথবা ড্রাই হিট স্টেরিলাইজেশন (শুষ্ক তাপে জীবাণুমুক্ত) করতে হবে। এরপর এই জীবাণুমুক্ত বর্জ্যগুলো টুকরা টুকরা (স্রেডিং) অথবা ধাতব পাত্রে বা সিমেন্টের কংক্রিটে ভরে স্থায়ীভাবে আবদ্ধ (এনক্যাপসুলেশন) করিতে হইবে অথবা চূড়ান্তভাবে পরিশোধিত এই বর্জ্যগুলো পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত আয়রন ফাউন্ড্রিতে (যেখানে লোহা গলানো হয়) অথবা ধারালো বর্জ্যের জন্য বিশেষভাবে তৈরি কংক্রিটের পিটে পরিত্যজন করিতে হইবে অথবা ইনসিনারেশন পদ্ধতি পরিত্যাজন করিতে হইবে। |
| **নীল-লাল** | **ক) কাঁচের পাত্র** –ঔষধের ভায়েল /এম্পুলসহ ভাঙ্গা অথবা পরিত্যাক্ত এবং কন্টামিনেটেড (Contaminated) কাঁচ। (সাইটোটক্সিক (Cytotoxic) পদার্থ মিশ্রিত বর্জ্য ব্যতীত)<br>**খ) ইমপ্লান্ট ধাতব অঙ্গ (Metallic Body Implant)** | **লাল পাত্র/ধারক-২** | ডিটারজেন্ট ও সোডিয়াম/ক্যালসিয়াম হাইপোক্লোরাইট দ্রবনে ভিজিয়ে রেখে বা অটোক্লেভিং /মাইক্রোওয়েভিং পদ্ধতিতে জীবাণুমুক্ত করে স্রেডিংকরত: অনুমোদিত পুনচক্রায়নকারীর নিকট প্রেরণ করিতে হইবে। |

**দ্বিতীয় অংশ**

(১) চিকিৎসা বর্জ্য সোডিয়াম/ক্যালসিয়াম হাইপোক্লোরাইটের দ্রবণে (যাহাতে ১-২% সক্রিয় ক্লোরিন আছে) ২৫ মিনিট যাবৎ পরিশোধন করিতে হইবে।

(২) চিকিৎসা বর্জ্য যা পুনঃব্যবহার যোগ্য নয় তা এমনভাবে কেটে টুকরা করিতে হইবে যাহাতে পুনঃব্যবহার (reuse) করা না যায়।

(৩) মাইক্রো-বায়োলজিক্যাল, ল্যাবরেটরি এবং অতি সংক্রামক বর্জ্য ব্যতীত অন্যান্য চিকিৎসা বর্জ্য ইনসিনারেশন করার পূর্বে কোন কেমিক্যাল প্রি-ট্রিটমেন্ট করার প্রয়োজন হইবে না।

(৪) চিকিৎসা বর্জ্যের ইনসিনারেশন পরবর্তী ছাই-এ ঝুকিপূর্ণ ভারী ধাতুর (hazardous heavy metal) উপস্থিতি থাকিলে ঝুঁকিপূর্ণ বর্জ্য ব্যবস্থাপনা অনুসরণ করে সংরক্ষণ, পরিশোধন ও পরিত্যজন (disposal) করিতে হইবে।

(৫) সাইটোটক্সিক (Cytotoxic)/ অনুরুপ ড্রাগ ও ইহার ভায়েল কোন অননুমোদিত ব্যক্তির নিকট কোন অবস্থাতেই হস্তান্তর করা যাইবে না। যথোপযুক্ত পরিশোধন/নিষ্ক্রিয়করণ, পরিত্যজনের জন্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট ফেরত দিতে হইবে। ইহা ছাড়া এই ধরণের চিকিৎসা বর্জ্য অনুমোদিত চিকিৎসা বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী প্রতিষ্ঠানের নিকট ঝুকিপূর্ণ বর্জ্য হিসাবে চিকিৎসা বর্জ্য ইনসিনারেশন অথবা প্লাজমা পাইরোলাইসিস করার জন্য প্রেরণ করিতে হইবে।

(৬) রেসিডুয়াল অথবা পরিত্যক্ত কেমিক্যাল বর্জ্য, ব্যবহৃত/ পরিত্যাক্ত জীবাণুমুক্তকরণ কেমিক্যাল এবং কেমিক্যাল স্লাজ ঝুকিপূর্ণ বর্জ্য পরিশোধন, সংরক্ষণ এবং নিষ্ক্রিয়করণ পদ্ধতিতে অপসারণ করার জন্য বর্জ্য প্রক্রিয়াজাতকারী/পরিশোধনকারী প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করিতে হইবে।

(৭) হাসপাতাল/ক্লিনিক, গবেষণাগার/ডায়াগস্টিক বর্জ্য, মাইক্রোবায়োলজিক্যাল বর্জ্য, রক্তের নমুনা, রক্তের ব্যাগ চিকিৎসা বর্জ্য পরিশোধন ও প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তরের পূর্বে অবশ্যই World Health Organization (WHO)/বিধিমালার বিধান/স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন অনুসারে জীবাণুমুক্তকরণ/স্টেরিলাইজেশন করিতে হইবে এবং তারপর চিকিৎসা বর্জ্য পরিশোধন ও প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিতে হইবে।

(৮) সাধারণত কোন হাসপাতালে এককভাবে ইনসিনারেটর স্থাপন করিতে পারিবে, সেক্ষেত্রে এই বিধিমালা দ্বারা নির্ধারিত ইনসিনারেটর মানদন্ড এবং মানমাত্রা মানিয়া স্থাপন করিতে হইবে।

(৯) নিডিল কাটারের মাধ্যমে ব্যবহৃত সিরিঞ্জ কেটে সুঁচ আলাদা করে ট্যাম্পার প্রুফ, লিক প্রুফ ও ছিদ্র হওয়ার সম্ভবনা নাই এমন কন্টেইনারে ধারালো বর্জ্য হিসাবে সংরক্ষণ করিতে হইবে। এই ধরণের বর্জ্যের পরিত্যজনের জন্য হাসপাতালে নিজস্ব ব্যবস্থা না থাকিলে হাসপাতাল কর্তৃপক্ষ জীবানুমুক্ত করিয়া চিকিৎসা বর্জ্য পরিশোধন ও প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিতে হইবে।



(১০) চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থায় সৃষ্ট গৃহস্থালী বর্জ্য আলাদাভাবে কালো বর্ণের ব্যাগে/ধারকে সংগ্রহ করিয়া কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা অনুসারে পরিত্যজন করিতে হইবে।



**তফসিল-২**

**[বিধি- ৫ (২) এর (খ), (ট), বিধি ৭ এর (২) ও (৩) এবং তফসিল-১ দ্রষ্টব্য]**

**চিকিৎসা বর্জ্য প্যাকেটজাতকরণের সাংকেতিক**

**চিহ্নসমুহ এবং রংয়ের বর্ণনা**

| **চিকিৎসা-বর্জ্যের ধরণ ও প্যাকেটজাতকরণের সাংকেতিক চিহ্নের রংয়ের বর্ণনা** | **প্যাকেটজাতকরণের সাংকেতিক চিহ্ন** |
|---|---|
| দহনযোগ্য বর্জ্য (Oxidizing substance)<br>বৃত্তের উপর আগুনের শিখা: কাল রং<br>পটভূমি : সাদা রং |  |
| সংক্রামক বর্জ্য (Infectious substance)<br>দুইটি হাড়ের উপর মাথার খুলি: কাল রং<br>পটভূমি :সাদা রং |  |
| জীবাণুযুক্ত বর্জ্য (Infected/contaminated substance)<br>বৃত্তের উপর তিনটি প্রতিস্থাপিত চন্দ্রাকৃতি: কাল রং<br>পটভূমি : সাদা রং |  |
| তেজস্ক্রিয়/বিকিরণযোগ্য বর্জ্য (Radioactive substance)<br>ঘুর্ণায়মান পাখা-কাল রং<br>পটভূমি: উপরের অর্ধেক হলুদ এবং নীচের অর্ধেক সাদা রং |  |
| ক্ষয়কারক বর্জ্য (Corrosive substance)<br>হাত এবং একটি ধাতুর প্রতি আকর্ষিত দুইটি পাত্র থেকে উপচিয়ে পড়া তরল- কাল রং<br>পটভূমি: উপরের অর্ধেক সাদা রং এবং নীচের অর্ধেক সাদা বর্ডারে কাল রং |  |
| অন্যান্য ক্ষতিকারক বর্জ্য (Other Dangerous substance)<br>উপরের অর্ধেক অংশে সাদা রং এর পটভূমিতে কাল রং এর সাতটি লম্বা দাগ<br>পটভূমি: নীচের অর্ধেক কাল বর্ডারে সাদা রং |  |

| **চিকিৎসা-বর্জ্যের ধরণ ও প্যাকেটজাতকরণের সাংকেতিক চিহ্নের রংয়ের বর্ণনা** | **প্যাকেটজাতকরণের সাংকেতিক চিহ্ন** |
|---|---|
| সাধারণ বর্জ্যের বিন (General Waste Bin)<br>কাল রং এর বৃত্ত । কাল রং এর বর্ডারে সাদা রং এর পটভূমি |  |
| সংক্রামক বর্জ্যের বিন (Toxic waste Bin)<br>হলুদ রং এর বৃত্তের উপর কাল রং এর তিনটি প্রতিস্থাপিত চন্দ্রাকৃতি।<br>হলুদ বর্ডারের উপর সাদা পটভূমি। |  |
| ধারালো বর্জ্যের বিন (Sharp Waste Bin)<br>লাল রং এর বৃত্তের ভিতরে সাদা রং এর দুইটি হাড়ের উপর মাথার খুলি।<br>লাল বর্ডারের উপর সাদা পটভূমি। |  |
| পুনঃপ্রক্রিয়াজাতকারী বর্জ্যের বিন (Recycle Waste Bin)<br>সবুজ রং এর বৃত্তের ভিতরে কালো রং এর তিনটি চিহ্ন<br>সবুজ রং এর বর্ডারের উপর সাদা পটভূমি। |  |
| বিশেষ দ্রষ্টব্যঃ<br>১। মোড়ক অধৌতযোগ্য এবং সুস্পষ্টরূপে দৃশ্যমান হইতে হইবে।<br>২। বর্জ্যের শ্রেণীভেদে নির্ধারিত রঙ্গিন ধারক/পাত্রে বাংলা ভাষায় সহজে বোধগম্য নির্দেশনাবলী লেখা যেতে পারে। যেমন: "সাবধানে হস্তান্তর করুন" "বর্জ্য আমাকে দিন" ইত্যাদি। | |

**তফসিল-৩**

**[বিধি ৫ (২) এর (ঘ), (ঙ), (ট), (ঠ) এবং বিধি ৬ (২) এর (চ), (প), (ব) দ্রষ্টব্য]**

**চিকিৎসা বর্জ্য পরিশোধন/পরিত্যাজনের মানদন্ড**

## ১) চিকিৎসা বর্জ্য ইনসিনারেটর (Waste Incinerator)

### ক) চিকিৎসা বর্জ্য ইনসিনারেটর (Waste Incinerator) পরিচালনার মানদন্ডঃ

| স্থিতিমাপ (Parameters) | বিশদ বিবরণী (Specification) | মানদন্ড (Standard) |
|---|---|---|
| তাপমাত্রা | Gas Phase Combustion zone | ≥৮০০° সেন্টিগ্রেড |
| | বায়ুদূষণ নিয়ন্ত্রণকারী যন্ত্রে অনুপ্রবেশকারী গ্যাস | ≤২০০° সেন্টিগ্রেড |
| গ্যাস রেসিডেন্স সময় (Gas residence time) | সর্বশেষ দাহ বায়ু অনুপ্রবেশের (After last injection of combustion air) | ≥২ সেকেন্ড (৬% অক্সিজেনের উপস্থিতে ) |
| বায়ু প্রবাহ (Air flow) | সর্বমোট দাহ বায়ু (Total combustion air) পর | অতিরিক্ত ১৪০-২০০% |
| | ইনসিনারেটরে বায়ু সরবরাহ ও বিতরণ | পর্যাপ্ত |
| | সকল জোনে দাহ গ্যাস ও বায়ুর মিশ্রণ | ভালো মিশ্রণ (Good mixing) |
| | ফ্লু গ্যাসের সহিত বস্তুকণার নিঃসরণ (Particulate matter entrainment into flue gas) | বায়ুর গতি পরিমিত রাখা (Minimize by keeping moderate air velocity) |
| দহন ক্ষমতা (Combustion Efficiency) | $CE = \frac{CO2}{\% CO2 + \% CO} \times 100$ | ন্যূনতম ৯৯% |
| পরিবীক্ষণ | নিরবিচ্ছিন্ন নিঃসরণ পরিবীক্ষণ (Continuous emission monitoring) | বস্তুকণা, CO, $SO_2$, HF, HCl, NOx এবং ছাড়পত্রের শর্তে উল্লিখিত অন্য কোনো প্যারামিটার |
| | নিরবিচ্ছিন্ন প্রসেস প্যারামিটার পরিবীক্ষণ (Continuous process parameters monitoring) | ফার্নেসের তাপমাত্রা, ফ্লু গ্যাস আউটলেট তাপমাত্রা, চাপ, জলীয় বাষ্প, প্রেসার ড্রপ এবং ছাড়পত্রের শর্তে উল্লিখিত অন্য কোনো প্যারামিটার |
| | নিয়মিত নিঃসরণ পরিবীক্ষণ (বৎসরে ২-৪ বার) | ভারী ধাতু, ডাইঅক্সিন এবং ফুরান |

| স্থিতিমাপ (Parameters) | বিশদ বিবরণী (Specification) | মানদন্ড (Standard) |
|---|---|---|
| দূষণ নিয়ন্ত্রণ যন্ত্রপাতি | বায়ুদূষণ নিয়ন্ত্রণ ডিভাইস স্থাপন | ফেব্রিক ফিল্টার ড্রাই (সাধারণত ড্রাই ইঞ্জেকশন সুবিধাসহ), প্যাকড বেড, ভেঞ্চুরি বা অন্য কোনো ওয়েটস্ক্রাবার, ইলেকট্রোস্টেটিক প্রিসিপিটেটর (ইএসপি)/ব্যাগ ফিল্টার |
| চিমনির উচ্চতা* | ইনসিনারেটরের ক্ষমতা <৩০০ কেজি/ঘন্টা দৈনিক | ২৫ মিটার |
| | ইনসিনারেটরের ক্ষমতা ≥৩০০ কেজি/ঘন্টা | ৫০ মিটার |

*চিমনির উচ্চতা ডিসপার্সন মডেলিং-এর মাধ্যমে নির্ধারণ করিতে হইবে, তবে তাহা উপরিউক্ত টেবিলে বর্ণিত উচ্চতার কম হইবে না।

**খ। স্ট্যাক নিঃসরণ** (Stack Emissions) **মানমাত্রাঃ**

| স্থিতিমাপ | গড় সময় | উপস্থিতির সর্বোচ্চ সীমা ($mg/Nm^3$) |
|---|---|---|
| বস্তুকণা (PM) | ১ ঘণ্টা | ৩০ |
| | ২৪ ঘণ্টা | ২০ |
| কার্বন মনোক্সাইড (CO) | ১ ঘণ্টা | ১০০ |
| | ২৪ ঘণ্টা | ৮০ |
| নাইট্রোজেনের অক্সাইডসমূহ ($NO_x$) | ১ ঘণ্টা | ৩০০ |
| | ২৪ ঘণ্টা | ২৫০ |
| সালফার ডাইঅক্সাইড ($SO_2$) | ১ ঘণ্টা | ১০০ |
| | ২৪ ঘণ্টা | ৮০ |
| হাইড্রোজেন ক্লোরাইড (HCI) | ১ ঘণ্টা | ৬০ |
| | ২৪ ঘণ্টা | ৫০ |
| মার্কারি (Hg) | ০.৫-৮ ঘণ্টা | ০.০৫ |
| ক্যাডমিয়াম ও থ্যালিয়াম | ০.৫-৮ ঘণ্টা | ০.০৫ |
| এন্টিমনি, আর্সেনিক, লেড, ক্রোমিয়াম, কোবাল্ট, কপার, ম্যাংগানিজ এবং নিকেল (Sb, As, Pb, Co, Cu, Mn and Ni) | ০.৫-৮ ঘণ্টা | ০.৫ |

| | | |
|---|---|---|
| হাইড্রোজেন ফ্লুরাইড (HF) | ০.৫ ঘণ্টা | ১.০ |
| ডাইঅক্সিন/ফিউরান (Dioxin/ Furan) (ইনসিনারেটরের ক্ষমতা ≥৩০০ টন দৈনিক এ ক্ষেত্রে প্রযোজ্য) | ৬-৮ ঘণ্টা | ০.১ $ng/Nm^3$ |
| ডাইঅক্সিন/ফিউরান (Dioxin/ Furan) (ইনসিনারেটরের ক্ষমতা <৩০০ টন দৈনিক এ ক্ষেত্রে প্রযোজ্য) | ৬-৮ ঘণ্টা | ০.২ $ng/Nm^3$ |

**২. চিকিৎসা বর্জ্যের জন্য ব্যবহৃত প্লাজমা পাইরোলাইসিস পরিচালনার মানদন্ড ও নিঃসরণের মানমাত্রা**

**পরিচালনার মানদণ্ডঃ**

সকল প্লাজমা পাইরোলাইসিস পরিচলানাকারী নিম্নবর্ণিত পরিচালনার মানদণ্ড ও নিঃসরণ মাত্রা অনুসরণ করিতে হইবে।

ক) দহন ক্ষমতা (Combustion Efficiency) কমপক্ষে ৯৯.৯৯% হইতে হইবে।

খ) দহন ক্ষমতা হিসাবের সুত্রঃ

$$\text{দহন ক্ষমতা} = \frac{\% \, CO_2}{\% \, CO2 + \% CO} \, X \, 100$$

গ) প্লাজমা গ্যাসীয়করণ করার পর দহন চেম্বারের তাপমাত্রা ১০৫০°সেঃ± ৫০°সেঃ হইতে হইবে। সাথে স্ট্যাক গ্যাসে অক্সিজেনের পরিমান ৩% এবং গ্যাস রেসিডেন্স সময় কমপক্ষে দুই সেকেন্ড হইতে হইবে।

ঘ) স্ট্যাকের উচ্চতা কমপক্ষে ভুমি হতে ৩০মিটার হতে হবে। এছাড়া স্ট্যাক নিঃসরণ পরিমাপের জন্য পরিবেশ অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নিদের্শনা অনুসরণ করিতে হইবে।

**নিঃসরণ মানমাত্রাঃ**

ক) প্লাজমা পাইরোলাইসিসি অথবা গ্যাসীয়করণের স্ট্যাক নিঃসরণ মাত্রা চিকিৎসা বর্জ্যের ইনসিনারেটরের জন্য নির্ধারিত মাত্রা অনুসৃত হইবে।

খ) প্লাজমা পাইরোলাইসিসি অথবা গ্যাসীয়করণে সুবিধাজনক বায়ুদূষণ নিয়ন্ত্রণকারী যন্ত্র স্থাপন করিতে হইবে যাহাতে গ্যাসীয় নিঃসরণ মানমাত্রা এই বিধিমালা দ্বারা নির্ধারিত মানমাত্রার মধ্যে থাকিতে হইবে।

গ) প্লাজমা পাইরোলাইসিসি অথবা গ্যাসীয়করণ প্রক্রিয়ায় চিকিৎসা বর্জ্য পরিশোধনের পূর্বে ক্লোরিন দ্বারা জীবাণুমুক্তকরণ করা যাইবে না। হ্যালোজিনেটেড প্লাস্টিক জাতীয় পদার্থ এই পদ্ধতিতে পরিশোধন করা যাইবে না।

**৩) চিকিৎসা বর্জ্যের জন্য অটোক্লেভের মানদন্ড**

যে আটোক্লেভ চিকিৎসা বর্জ্য পরিশোধনের/জীবাণুমুক্তকরণের জন্য ব্যবহার হবে তা হাসপাতালের অন্য কোন কাজে ব্যবহার করা যাইবে না।

ক) গ্রাভিটি ফ্লো অটোক্লেভ (gravity flow autoclave)-এ চিকিৎসা বর্জ্য পরিশোধনের/ জীবাণুমুক্তকরণের ক্ষেত্রে নিম্নোবর্ণিত ভাবে পরিচালনা করিতে হইবেঃ

i) ১২১° সেন্টিগ্রেড বা তার বেশী তাপমাত্রায় ১৫পিএসআই (PSI) চাপ-এ কমপক্ষে ৬০মিনিট রাখিতে হইবে;

অথবা

ii) ১৩৫° সেন্টিগ্রেড বা তার বেশী তাপমাত্রায় ৩১পিএসআই (PSI) চাপ-এ কমপক্ষে ৪৫মিনিট রাখিতে হইবে;

অথবা

iii) ১৪৯° সেন্টিগ্রেড বা তার বেশী তাপমাত্রা ৫২পিএসআই (PSI) চাপ-এ কমপক্ষে ৩০মিনিট রাখিতে হইবে।

খ) ভ্যকুয়াম অটোক্লেভ (Vacuum Autoclave)-এ চিকিৎসা বর্জ্য পরিশোধন/জীবাণুমুক্তকরণের কমপক্ষে তিনটি প্রি-ভ্যাকুয়াম পার্লস (Pre-Vacuum Pulse) মাধ্যমে অটোক্লেভের সকল বাতাস বের করে দিতে হইবে। প্রি-ভ্যাকুয়াম সাইকেলে যে বাতাস বাহির হয় আবশ্যিকভাবে হ্যাপা (HEPA) এবং এক্টিভেটেড কার্বন ফিল্টার বা অন্য কোন ভাবে জীবাণু ছড়াতে বাধা দেয়, এই ধরণের অটোক্লেভ দিয়ে চিকিৎসা বর্জ্য পরিশোধন/জীবাণুমুক্তকরণে নিম্নবর্ণিত পদ্ধতি অবলম্বন করিতে হইবে। এ প্রক্রিয়াটি নিম্নরূপ শর্তাদি মানিয়া চলিবেঃ

i) ১২১° সেন্টিগ্রেড বা তার বেশী তাপমাত্রায় ১৫পিএসআই (PSI) চাপ-এ কমপক্ষে ৪৫মিনিট রাখিতে হইবে।

অথবা

ii) ১৩৫° সেন্টিগ্রেড বা তার বেশী তাপমাত্রায় ৩১পিএসআই (PSI) চাপ-এ কমপক্ষে ৩০মিনিট রাখিতে হইবে।

গ) অটোক্লেভিং প্রক্রিয়ায় চিকিৎসা বর্জ্য সঠিকভাবে পরিশোধন/জীবাণুমুক্তকরণ করতে হলে নিধারিত তামপাত্রা ও চাপে নিদিষ্ট সময় পর্যন্ত রাখিতে হইবে। যদি কনো কারণে নিধারিত সময় ধরে নিদিষ্ট তাপমাত্রা ও চাপে অটোক্লেভ পরিচালনা না করা যায় তাহলে পুনরায় নির্ধারিত সময় ধরে নিদিষ্ট তাপমাত্রা ও চাপে অটোক্লেভ পরিচালনা করিতে হইবে।

ঘ) অটোক্লেভ পরিচালনার সকল তথ্যাদি সংরক্ষণ: সকল অটোক্লেভে গ্রাফিক্যাল অথবা কম্পিউটারাইজ রেকডিং যন্ত্র থাকিতে হইবে, যার মাধ্যমে প্রতিটি সাইকেল অটোক্লেভ পরিচালনার সময় সেই সাইকেলের তাপমাত্রা, চাপ ও সময়, তারিখ, সনাক্তকরণ নম্বর ইত্যাদি তথ্য মনিটরিং করা যায়।

ঙ)অটোক্লেভের (Validation test) ভেলিডেশন টেস্টঃ প্রতি ভেলিডেশন টেস্ট করার সময় ৪টি বায়োলজিক্যাল/কেমিক্যাল ইনডিকেটর স্ট্রিপস (indicator strips) ব্যবহার করিতে হইবে। একটি কন্ট্রোল/ ব্লান্ক হিসেবে স্বাভাবিক (কক্ষ) তাপামত্রায় এবং এছাড়া প্রতিটি অটোক্লেভের ধারকের (containers) মাঝখানে ১টি করে বায়োলজিক্যাল ইনডিকেটর স্ট্রিপ রাখিতে হইবে। অটোক্লেভের ধারক খোলার সময় পিপিই (ফেজ মাস্ক, গ্লাভস এবং এফ্ররোন) ব্যবহার করিতে হইবে। একটি অটোক্লেভের ধারক এমনভাবে রাখিতে হইবে যাহাতে বায়োলজিক্যাল ইনডিকেটর স্টিপে বাস্প প্রবেশ কঠিন হয় সাধারণত চিকিৎসা বজ্যের নীচে। সাধারণত পর পর তিনবার এই টেস্ট করে সর্বনিম্ন অটোক্লেভ পরিচালনার তাপমাত্রা, চাপ এবং সময় নির্ধারণ করিতে হইবে। যে তাপমাত্রা, চাপ ও সময়ে সকল বায়োলজিক্যাল ইনডিকেটর স্টিপস/ভাইল-এর স্পোর (spores) সম্পূর্ণরূপে নিস্ক্রিয় হযে যায় সেই তাপমাত্রা, চাপ ও সময় ধরে অটোক্লেভ পরিচালনা করিতে হইবে। চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় ব্যবহৃত অটোক্লেভ প্রতিতিন মাস পর এই ভলিডেশন টেস্ট করে তার রেকর্ড সংরক্ষণ করিতে হইবে।

চ) রুটিন টেস্ট: অটোক্লেভের তাপমাত্রা সঠিকতা যাচাই করার জন্য এক ধরণের কেমিক্যাল ইন্ডিকেটর ট্রিপস অথবা টেপ ব্যবহার করিতে হইবে। যা একটি নিদিষ্ট তাপামাত্রায় কালার পরিবর্তন করে। উক্ত একাধিক কেমিক্যাল ট্রিপস অটোক্লেভের একাধিক স্থানে রেখে পরীক্ষা করিতে হইবে হবে যাহাতে সমস্ত অটোক্রেভে একই তাপমাত্রায় অটোক্লেভ হয়েছে তা নিশ্চিত হওয়া যায়।

ছ) স্পোর টেস্টঃ প্রতিটি অটোক্লেভ ডিজাইন ধারণ ক্ষমতার মধ্যে সধারণ অবস্থায় অটোক্লেভিং করে অনুমোদিত বায়োলজিক্যাল ইনডিকেটর (biological indicator) সম্পুর্ণরূপে ধ্বংস করতে সক্ষম হইতে হইবে। বায়োলজিক্যাল ইনডিকেটর হলো ভায়েল বা ট্রিপস যাহাতে কমপক্ষে $1x10^6$ Geobacillus stearother mophilus spores থাকে। কোন অবস্থাতেই অটোক্লেভের তাপমাত্রা ১২১°সেন্টিগ্রেড এর নীচে, চাপ ১৫পিএসআই এর নীচে এবং অটোক্লেভিং এর স্থায়ীত্বকাল ৩০মিটিনের নীচে হওয়া যাইবে না। চিকিৎসা বর্জ্য পরিশোধন কাজে ব্যবহৃত অটোক্লেভের ক্ষেত্রে কমপক্ষে প্রতি সপ্তাহে একবার এই টেস্ট করিতে হইবে।

**৪) চিকিৎসা বর্জ্য পরিশোধনে জন্য বব্যহৃত মাইক্রোওয়েভের মানদন্ড:**

ক) সাইটোটক্সিক (cytotoxic) বর্জ্য ঝুকিপূর্ণ আথবা তেজস্কিয় বর্জ্য, মৃত্য প্রাণি, শরীর বিভিন্ন অংশ এবং বড় খাতব পদার্থ জীবাণুমুক্তকরণ জন্য মাইক্রোওয়েভ পদ্ধতিতে ব্যবহার করা যাইবে না।

খ) মাইক্রোওয়েভ যন্ত্রের চিকিৎসা বর্জ্য জীবাণুমুক্তকরণের কার্যকরিতা টেস্টে ও রুটিন টেস্ট উর্ত্তীণ হইতে হইবে এবং সরবরাহকারী/ উৎপাদনকারী প্রতিষ্ঠান এর কার্যকারিতার নিশ্চয়তা প্রদান করিবে এবং ব্যবহারী প্রতিষ্ঠান তা সংরক্ষণ করিবেন।

গ) ৯৫-১০০ °সেঃ তাপমাত্রায় ও উচ্চ চাপে যন্ত্রটি কাজ করিবে যাহা পরিবেশগত বিরূপ প্রতিক্রিয়ামুক্ত হইবে।

ঘ) মাইক্রোওয়েভ মেশিনে ইন-বিল্ট হেপা ফিল্টার থাকিতে হইবে, যাহা ক্ষতিকর গ্যাস ও জীবাণু প্রবাহে বাধাঁ সৃষ্টিকরতঃ স্বাস্থ্য ও পরিবেশগত ঝুকিঁ কমাবে।

ঙ) মাইক্রোওয়েভ সক্ষমতার অনুসারে চিকিৎসা বর্জ্য সম্পূর্ণরূপে ব্যক্টেরিয়া ও অন্যান্য সংক্রামক জীবাণু মুক্ত করিবে যা অনুমোদিত বায়োলজিক্যাল ইনডিকেটর দিয়ে নিশ্চিত হতে হবে। এ ক্ষেত্রে বায়োলজিক্যাল ইনডিকেটর হিসাবে করিতে হইবে কমপক্ষে ১x১০⁴ Bacillus atrophaeus spores –এর ভায়েল অথবা ট্রিপস ব্যবহৃত হয়। যেই ভাবে মাইক্রোওয়েভ দিয়ে চিকিৎসা বর্জ্য জীবাণুমুক্ত হয় সেই অবস্থয় মাইক্রোওয়েভের সংস্পর্শে বায়োলজিক্যাল ইনডিকেটর রাখিতে হইবে।

**৫) চিকিৎসা বর্জ্য গভীর গর্তে মাটি চাপা দেওয়ার মানদন্ড**

ক) দুই মিটার গভীর গর্ত/পিট খুড়িতে হইবে। উক্ত গর্তের ১.৮ মিটার চিকিৎসা বর্জ্য দ্বারা পূর্ণ করিয়া ৫সেমি পুরুত্বের চুনের আবরণ দিয়া বাকি অংশ মাটি দ্বারা পূর্ণ করিতে হইবে।

খ) কোন প্রাণি যাহাতে এই পিটে প্রবেশ করিতে না পারে সেই বিষয়টি নিশ্চিত করিতে হইবে। প্রয়োজনে গ্যালভানাইজিং লৌহ/ ওয়ারের জালি (Net) ব্যবহার করিবে।

গ) প্রতিবার চিকিৎসা বর্জ্য পিটে রাখার পর ৫ সে.মি.-এর মাটির স্তর দিয়ে বর্জ্য ঢাকিয়া ফেলিতে হইবে। ।

ঘ) চিৎকিসা বর্জ্য পুতে রাখার এই কাজ গভীর পর্যবেক্ষণ এবং নিবিড় তত্ত্বাবধায়ন করিতে হইবে।

ঙ) গর্ত/পিটের স্থান তুলনামুলকভাবে অভেদ্য হইতে হইবে এবং এর অগভীর কুপ হইতে দুরে স্থাপন করিতে হইবে।

চ) পিট/গর্ত লোকালয়/বসতিবাড়ি হইতে দুরে হইতে হইবে। পিট/গর্তের অবস্থান এমন জায়গায় হইতে হইবে যে জায়গায় ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ পানি দূষণ হওয়ার সম্ভবনা নাই এবং যে স্থান সাধারণ বন্যার পানিতে প্লাবিত হয় না ও নদী ভাঙ্গানপ্রবন নয়।

ছ) চিকিৎসা বর্জ্য গভীর মাটিচাপা দেওয়ার স্থানটি পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হইবে।

জ) হাসপাতাল কর্তৃপক্ষ/চিকিৎসা বর্জ্য পরিশোধনকারী প্রতিষ্ঠান সকল গর্ত/পিটের এবং বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করিবে।

ঝ) পিট/গর্তের সর্বনিম্ন স্তর এই স্থানের ভূগর্ভস্থ পানির স্তর হতে কমপক্ষে ৬মিটার উপরে হইতে হইবে ।

**৬) শুস্ক তাপে জীবাণুমুক্তকরণ (Sterilization) এর মানদন্ড**

শুস্ক তাপ জীবাণুমুক্তকরণ (Dry Heat Sterilization) পদ্ধতিতে ধারালো চিকিৎসা বর্জ্য জীবাণুমুক্ত করা হয়। কমপক্ষে ১৮৫$^{o}$সেঃ তাপমাত্রায় সর্বনিম্ন ১৫০ মিনিট ধরে চিকিৎসা বর্জ্য রেখে শুস্ক তাপে জীবাণুমুক্তকরণ (Sterilization) করা হয় সেখানে জীবাণুমুক্তকরণ স্থায়িত্বকাল ৯০ মিনিট। সকল তথ্য (তাপমাত্রা ও সময়) স্বয়ংক্রিয়ভাবে মেশিনে রেকর্ড থাকিতে/রাখিতে হইবে।

ক) ভেলিডেশন টেস্ট (Validation Test) ধারাল চিকিৎসা বর্জ্য জীবাণুমুক্তকরণ ইউনিটঃ জীবানুমুক্তকরণ পদ্ধতির মাধ্যমে বায়োলজিক্যাল নিদের্শক ভায়েল সম্পূর্ণরূপে জীবানুমুক্ত করতে হবে যাতে কমপক্ষে প্রতি মিলিমিটারে $Log_{10}6$ ঘনত্বের Geobacillus Stearothermophillus or Bacillus Atropheausspoers স্পোর (Spore) থাকে। এই পরীক্ষ প্রতি তিনমাসে এক বার করিতে হইবে।

খ) রুটিন টেস্ট: এই জীবাণুমুক্তকরণ (Sterilization) পদ্ধতির তাপমাত্রা সঠিকতা যাচাই করার জন্য এক ধরণের কেমিক্যাল ইন্ডিকেটর ট্রিপস অথবা টেপ ব্যবহার করিতে হইবে যা একটি নিদিষ্ট তাপামাত্রায় কালার পরিবর্তন করে। উক্ত একাধিক কেমিক্যাল ট্রিপস ওভেনের একাধিক স্থানে রেখে পরীক্ষা করতে হবে যাতে সমস্ত সকল স্থানে একই তাপমাত্রায় জীবাণুমুক্ত (Steriliz) হয়েছে তা নিশ্চিত হওয়া যায়।

**৭) হাসপাতালের তরল বর্জ্য নির্গমন মানমাত্রা (Standards for Hospital waste water)**

| স্থিতিমাপ (Parameters) | একক | উপস্থিতির সর্বোচ্চ সীমা (Permissible Limits) (পিএইচ, তাপমাত্রা এবং বায়োএ্যাসে টেস্ট ব্যতীত) |
|---|---|---|
| পিএইচ ($P^{H}$) | - | ৬.০-৯.০ |
| প্রলম্বিত বস্তুকণা (Suspended Solid) | মিলিগ্রাম/লিঃ | ১০০ |
| তেল ও গ্রীজ পদার্থ (Oil and grease) | মিলিগ্রাম/লিঃ | ১০ |
| বিওডি (BOD) | মিলিগ্রাম/লিঃ | ৩০ |
| সিওডি (COD) | মিলিগ্রাম/লিঃ | ২০০ |
| বায়োএ্যাসে টেস্ট (Bio- assay test) | | ১০০% তরল বর্জ্য ব্যবহারের ৯৬ ঘন্টা পর ৯০% মাছ বেঁচে থাকবে |
| তাপমাত্রা (Temperature) | ডিগ্রি সেন্টিগ্রেড | জলাধারের তাপমাত্রার চাইতে ৫° সেলসিয়াসের বেশি হইবে না। |

- বিশেষ দ্রষ্টব্যঃ পরিশোধন প্রক্রিয়ায় উৎপাদিত স্লাজ ক্ষতিকর চিকিৎসা বর্জ্য হিসাবে চূড়ান্ত পরিত্যাজন (Final Disposal) করিতে হইবে।

**ফরম-১**

**[বিধি-৫ (২) এর (জ) ও বিধি এর ৬ (২) (ণ) দ্রষ্টব্য]**

**<u>দুর্ঘটনা প্রতিবেদন</u>**

১. দুর্ঘটনার তারিখ ও সময়ঃ

২. দুর্ঘটনার স্থানঃ

৩. দুর্ঘটনা সংগঠিত/কবলিত বর্জ্যের ধরণ (তফসিল-১ অনুযায়ী)ঃ

৪. দুর্ঘটনা সংগঠিত/কবলিত বর্জ্যের পরিমাণ (তফসিল-১ এর শ্রেণি অনুযায়ী পৃথক পৃথক পরিমান ও মোট পরিমান উল্লেখ করিতে হইবে)ঃ

৫. দুর্ঘটনা সংগঠিত/কবলিত কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

৬. দুর্ঘটনা সংগঠিত/কবলিত কর্মকর্তা/কর্মচারীর ক্ষতির পরিমাণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

৭. দুর্ঘটনা সংগঠিত/কবলিত কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

৮. দুর্ঘটনা সংগঠিত/কবলিত গাড়ীর নং (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

৯. দুর্ঘটনার সম্ভাব্য কারণঃ

১০. মানবকূল বা পরিবেশের উপর প্রভাব/ক্ষতিঃ

১১. তাৎক্ষণিক গৃহীত ব্যবস্থাদিঃ

১২. অন্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ

১৩. দুর্ঘটনা পরবর্তী গৃহীত পদক্ষেপসমূহঃ

১৪. দুর্ঘটনা প্রতিরোধকল্পে পদক্ষেপের সুপারিশসমূহঃ

তারিখঃ.................................

প্রতিবেদন প্রেরণকারীর নাম------------------------------

প্রতিষ্ঠানের নাম ও পদবী ---------------------------------

ঠিকানা -------------------------------------------------

মোবাইল নং---------------------------------------------

প্রতিবেদন প্রেরণকারীর স্বাক্ষর----------------------------

* দুর্ঘটনার পর পর চিকিৎসা বর্জ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান বা সংগ্রহ ও পরিবহনকারী বা প্রক্রিয়াজাতকরণ ও চূড়ান্ত পরিত্যজনকারী (final disposer) ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুমোদিত কর্মকর্তা/কর্মচারী এই প্রতিবেদন পরিবেশ অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ নিশ্চিত করিবে।

**ফরম-২**

**[বিধি- ৭ (২), (৩) দ্রষ্টব্য]**

**চিকিৎসা বর্জ্য পরিবহনকালীন পাত্র/ধারকের লেবেল**

দিন............... মাস ..............

বছর ..................................

উৎপন্নের তারিখ : ..................

বর্জ্যের ক্যাটাগরী নং :........................................................

বর্জ্যের শ্রেণী : .....................................................................

বর্জ্যের বর্ণনা : ....................................................................

| প্রেরকের নাম ও ঠিকানা | প্রাপকের নাম ও ঠিকানা |
|---|---|
| নাম: | নাম: |
| ঠিকানা: | ঠিকানা: |
| ফোন নং: | ফোন নং: |
| টেলেক্স নং: | টেলেক্স নং: |
| ফ্যাক্স নং: | ফ্যাক্স নং: |
| যোগাযোগের ব্যক্তি: | যোগাযোগের ব্যক্তি: |

জরুরি প্রয়োজনে অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন :

নাম ও ঠিকানা :

বিঃদ্রঃ-লেবেলের লেখা অমোচনীয় কালি দিয়ে লিখিতে হইবে এবং লেবেল স্পষ্টভাবে দৃশ্যমান থাকিতে হইবে।

**ফরম-৩**

[বিধি- ৫ (২) (ধ), এবং বিধি ৮ (১) ও (২) দ্রষ্টব্য]

**বার্ষিক প্রতিবেদন**

বরাবর

মহপরিচালক/পরিচালক/উপপরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পরিবেশ অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর

-------------------------

(১) ক. প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: ..........................................................................................................

.............. ...........................................................................

খ. পরিচালনাকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী:.......................................................................

গ. মোবাইল নং:..................................... ..... ঘ. ইমেইল............................................

(২) যে বৎসরের জন্য এই প্রতিবেদন প্রযোজ্য:.............................................................

(৩) ক. প্রতিষ্ঠানের পরিবেশগত ছাড়পত্র আছে কি নাঃ হ্যাঁ/না; খ. ছাড়পত্র জারীর তারিখ ও সর্বশেষ নবায়নের মেয়াদঃ --------

----------------------------------------------------------------------

(৪) প্রতিষ্ঠানের ধরণ (উল্লেখ করুন):

| হাসপাতাল(বেড সংখ্যাসহ)/ক্লিনিক (বেড সংখ্যাসহ)/মেডিকেল কলেজ (বেড সংখ্যাসহ)/ডায়াগনস্টিক সেন্টার/প্যাথলজিক্যাল ল্যাব/মেডিকেল বর্জ্য প্রক্রিয়াজাতকারী/ডিসপোজালকারী প্রতিষ্ঠান/ক্লিনিক্যাল ল্যাবরেটরি/রিসার্চ ইন্সটিটিউট/ভেটেরিনারি হাসপাতাল/অন্যান্য | চিকিৎসা বর্জ্য সংগ্রহ, পরিবহণ ও পরিশোধন | | | প্রক্রিয়াজাতকরণ ও অপসারণ |
|---|---|---|---|---|
| | পরিবহনের ধরণ | স্টোরেজ সাইটের ক্যাপাসিটি (কেজি/দিন) | পরিশোধন বা ডিসপোজালের ধরণ | |
| | | | | |

(৫) বর্জ্য বিষয়ক তথ্যঃ

| মাসের নাম | হলুদ শ্রেণি (ব্যাগ-১) | | বর্জ্যের পরিমান (কেজি)<br>তফসিল-১ এর শ্রেণিবিভাগ অনুযায়ী | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মানবদেহের অংশ বিশেষের বর্জ্য | প্রাণির দেহের অংশ বিশেষের বর্জ্য | হলুদ শ্রেণি (ব্যাগ-২) কঠিন বর্জ্য (রক্ত বা দেহ রস (Body Fluid) মিশ্রিত পরিত্যাক্ত কাপড়, মাদুর, বেডিংস) | হলুদ শ্রেণি (ব্যাগ-৩) মেয়াদ উত্তীর্ণ/পরিত্যাক্ত ঔষধ | হলুদ শ্রেণি (ব্যাগ-৪) কেমিক্যাল বর্জ্য | হলুদ শ্রেণি (ব্যাগ-৫) মাক্রোবায়োলজি বা বায়োটেকনোলজি অথবা অন্যান্য ক্লিনিক্যাল ল্যাবরেটরি বর্জ্য | ~~লাল~~ সবুজ শ্রেণি পুন:চক্রায়নযোগ্য কন্টামিনেটেড (contaminated) বর্জ্য | লাল শ্রেণি সাদা স্বচ্ছ ধারালো বর্জ্য (ধাতব সহ) (ধারক/পাত্র-১) | লাল শ্রেণি কাঁচের পাত্র (ধারক/পাত্র-২) | লাল শ্রেণি ইমপ্লান্ট ধাতব অঙ্গ (Metallic Body Implant) (ধারক/পাত্র-২) | মন্তব্য |
| জানুয়ারি | | | | | | | | | | | |
| ফেব্রুয়ারি | | | | | | | | | | | |
| মার্চ | | | | | | | | | | | |
| এপ্রিল | | | | | | | | | | | |
| মে | | | | | | | | | | | |
| জুন | | | | | | | | | | | |
| জুলাই | | | | | | | | | | | |
| আগস্ট | | | | | | | | | | | |
| সেপ্টেম্বর | | | | | | | | | | | |
| অক্টোবর | | | | | | | | | | | |
| নভেম্বর | | | | | | | | | | | |
| ডিসেম্বর | | | | | | | | | | | |
| মোট বর্জ্য | | | | | | | | | | | |

(৭) চিকিৎসা বর্জ্যের মোট পরিমানঃ

(৮) পুনঃব্যবহারযোগ্য চিকিৎসা বর্জ্যের পরিমানঃ

(৯) অন্যান্য তথ্য (যদি থাকে)ঃ

অনুমোদিত ব্যক্তির স্বাক্ষর ও তারিখঃ

প্রতিষ্ঠানের সীলমোহর

নাম ................................

পদবী ..............................